

একটি ফ্যামিলি গাইড

# প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস

NYC
Department of Education

## ইংরেজিভিন্ন অন্য ভাষাসমূহে: পরিবারের জন্য

**https://www.schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-preschool**

## ইংরেজিভিন্ন অন্য ভাষাসমূহে: পেশাজীবীদের জন্য

ফ্যামিলি গাইড আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ এবং উর্দুতে লভ্য এবং **https://www.schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-preschool** সাইটে পাওয়া যাবে।

# স্বাগতম!

প্রিয় পরিবারবর্গ,

জীবনভর শিক্ষাবিদ হিসেবে কাজ করে শিক্ষার্থীর সাফল্যে পিতামাতার সংশ্লিষ্টতা যে কতো গুরুত্বপূর্ণ, তা আমি বুঝতে পেরেছি। আপনার সন্তানের প্রথম শিক্ষক ও সমর্থক হিসেবে আপনি আপনার সন্তানকে সবচেয়ে ভালো বুঝেন। আপনার সন্তানের শিক্ষাজীবনের শুরুতে সহায়তা প্রদানে অংশীদার হতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত এবং আপনার সন্তান সম্পর্কে, কে কীসে ভালো, তার চাহিদা ও আগ্রহ কীসে, সেগুলো সম্পর্কে আপনি যা জানেন, আমরা তার মূল্য দেই। সন্তানের প্রথম এবং অনন্য শিক্ষাগত অভিজ্ঞতায় সক্রিয় অংশীদার হতে প্রয়োজন যেসব তথ্য অবহিত হওয়া, সেগুলো আপনারা পেয়েছেন, সেটা নিশ্চিত করতে আমাদের অব্যাহত প্রচেষ্টার অংশবিশেষ হলো এই ফ্যামেলি গাইড।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনে (DOE) আমরা এটা নিশ্চিত করতে কাজ করি যাতে সকল প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থীর সুযোগ থাকে উচ্চ মানসম্পন্ন প্রোগ্রাম, পরিষেবা, এবং সহায়তা লাভের। আমরা বিশ্বাস করি যে প্রযোজ্য ক্ষেত্রগুলোতে স্বনির্ভর ও সক্রিয় শিক্ষার্থী হিসেবে একটি ছেলেমেয়ের সম্ভাবনাকে কিন্ডারগার্টেনের শুরুতে যাতে যতো বেশি সম্ভব বাড়ানো যায়, এই কাজে স্পেশাল এডুকেশন প্রয়োজনীয় ভিত্তি প্রদানে সহায়তা করতে পারে।

প্রিস্কুল শিক্ষার্থীদের জন্য যেসব পরিষেবা ও সহায়তা লাভের সুযোগ রয়েছে, এই ফ্যামেলি গাইডে তার বর্ণনা দেওয়া আছে এবং প্রতিবন্ধিতা আছে বলে পাঠানো বা সনাক্ত হয়েছে, এমন একটি ছেলেমেয়ের পিতামাতা হিসেবে আপনাদের যে অধিকার রয়েছে, সেটা বুঝতে এটা সাহায্য করে। এছাড়া, আপনার সন্তানের স্কুল ও কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-এর সাথে কীভাবে সবচেয়ে ভালো সহযোগী হওয়া যায়, সে ব্যাপারে সুপারিশও দেওয়া আছে।

এই গাইড পর্যালোচনা ছাড়াও আমি আমাদের প্রিস্কুল স্পেশাল এডুকেশন ওয়েবপেজ-এর সন্ধান দিতে চাই: http://schools.nyc.gov/Academics/SpecialEducation/AcrossGrades/Preschool/default.htm

আমি আপনাদেরকে এই গাইডে দেওয়া তথ্যের সাথে পরিচিত হতে এবং এ নিয়ে আপনার সন্তানের শিক্ষক, পরিসেবা প্রদানকারী, এবং প্রশাসকের সাথে কথা বলতে উৎসাহিত করি।

আপনার ছোট সন্তানের সাফল্যে ও বেড়ে ওঠায় আপনাদের অব্যাহত প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ।

বিশ্বস্ত,

Corinne Rello-Anselmi


করনিন রেলো-আনসেলমি
ডেপুটি চিফ অ্যাকাডেমিক অফিসার,
ডিভিশন অব স্পেশালাইজড ইনস্ট্রাকশন অ্যান্ড স্টুডেন্ট সাপোর্ট

# সূচিপত্র


**এক নজরে** ........ 2
ভূমিকা ........ 2
উপরিচিত্র ........ 2

**প্রক্রিয়ার শুরু** ........ 3
আর্লি ইন্টারভেনশন (EI) থেকে উত্তরণ ........ 4
আপনার সন্তান যদি ইতোমধ্যে একটি প্রিস্কুল প্রোগ্রামে তালিকাভুক্ত থাকে ........ 4
আপনি যেসব প্রশ্ন করতে পারেন ........ 5
যেসব ছেলেমেয়ের বাড়ির ভাষা ইংরেজিভিন্ন অন্য কিছু ........ 6
যদি আপনার সন্তান অন্য শিশুসেবা ব্যবস্থায় অধীন থাকে ........ 6

**প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রক্রিয়া** ........ 7



**রেফারাল** 7
যোগ্য বয়স ........ 7
কীভাবে রেফারেল করতে হয় ........ 7
পিতামাতা ছাড়া আর কে প্রাথমিক রেফারাল দিতে পারেন? ........ 8
কে প্রাথমিক রেফারালের জন্য *অনুরোধ* জানাতে পারেন? ........ 8
রেফারাল প্যাকেট ........ 9

**মূল্যায়ন** 10
মূল্যায়ন প্রক্রিয়া ........ 10
কীভাবে মূল্যায়নের ব্যবস্থা করতে হয় ........ 10
আপনার সন্তানকে মূল্যায়নের সজ্ঞাত সম্মতি প্রদান ........ 11
প্রাথমিক মূল্যায়নে কী কী অন্তর্ভুক্ত থাকবে? ........ 11
বেসরকারি মূল্যায়ন ........ 12
মূল্যায়নের সারসংক্ষেপ ........ 12
শিক্ষার্থীর পরিবর্তিত তথ্য হালনাগাদকরণ ........ 12

**CPSE মিটিং** 13
উপরিচিত্র ........ 13
CPSE মিটিং-এর জন্য প্রস্তুতি ........ 14
CPSE মিটিং-এর অংশগ্রহণকারীরা ........ 14
CPSE মিটিং-এ আপনার ভূমিকা ........ 15
CPSE মিটিং-এ জিজ্ঞেস করুন করার জন্য কিছু প্রশ্ন ........ 15
যোগ্যতা ........ 15
ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) ........ 18
বার্ষিক ও অনুরোধকৃত CPSE পর্যালোচনা মিটিং ........ 19
পুনর্মূল্যায়ন ........ 20

**পরিষেবাসমূহ** 21

উপরিচিত্র.....21
প্রোগ্রাম ও পরিসেবার বর্ণনা.....21
বাড়তি সহায়তা ও পরিসেবা.....22
পরিসেবা আয়োজন.....23

**প্রোগ্রাম ও পরিসেবার স্থান**.....24
স্পেশাল এডুকেশন ইটিনেরান্ট টিচার (SEIT) এবং/অথবা রিলেটেড সার্ভিসের জন্য সুপারিশ করে, এমন IEP আছে যেসব ছেলেমেয়েদের.....24
স্পেশাল ক্লাস বা একটি সমন্বিত ব্যবস্থা (SCIS) সুপারিশ করে, এমন IEP আছে যেসব ছেলেমেয়েদের.....24
সীমিত চলাচলক্ষম ও অভিগম্যতার চাহিদাযুক্ত.....24

**পিতামাতার অধিকার**.....25
ফস্টার কেয়ার.....25
অস্থায়ী আবাসিকস্থলের শিক্ষার্থী.....26
প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস সমাপ্তি.....26
সম্মতি প্রত্যাহার.....26
ডিক্লাসিফিকেশন.....26
রেকর্ড.....27
ন্যায়বিচার পাওয়ার অধিকার.....28

**কিন্ডারগার্টেনে উত্তরণ**.....31

**পরিভাষা তালিকা**.....32

**যোগাযোগ**.....36
কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE).....36
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর সাথে যোগাযোগ.....38
প্যারেন্ট সাপোর্ট অ্যান্ড ইনফরমেশন সেন্টার্স.....39

# এক নজরে

## ভূমিকা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) 3 থেকে 5 বছর বয়সী কোন ছেলেমেয়ের প্রতিবন্ধিতা আছে কি না, তা কীভাবে নিশ্চিত হয় এবং যদি তারা যোগ্য বিবেচিত হয়, তাহলে DOE কীভাবে সেসব ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদান করে, এই ফ্যামেলি গাইড আপনাদেরকে –তথা পরিবারসমূহকে– সসব তথ্য প্রদান করতে চায়।

নিচে উপরিচিত্রে প্রদত্ত সংক্ষিপ্ত বিবরণ এবং এই গাইডের অন্যসব অংশে প্রদত্ত সবিস্তার ব্যাখ্যা অনুযায়ী এই গাইডখানি আপনাদেরকে যা অবহিত করবে:

- সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে বলে আপনি মনে করলে আপনি কী করবেন;
- প্রারম্ভিক মূল্যায়নের জন্য আপনি কীভাবে রেফারাল চাইবেন;
- মূল্যায়ন ও ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) তৈরি প্রক্রিয়ায় কীভাবে অংশগ্রহণ করতে হয়; এবং
- যদি যোগ্য বিবেচিত হয়, তাহলে কীভাবে DOE আপনার সন্তানের জন্য পরিষেবার ব্যবস্থা করবে।

## উপরিচিত্র

শিক্ষায় ব্যাঘাত সৃষ্টি করতে পারে এমন 3 থেকে 5 বছরের প্রতিবন্ধিতাযুক্ত অথবা বিলম্বিত বিকাশযুক্ত ছেলেমেয়েদের জন্য প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থা রয়েছে। যোগ্য শিক্ষার্থীদের জন্য এইসব পরিষেবা বিনামূল্যে প্রদান করা হয়।

যদি আপনার সন্তান নিম্নলিখিত ক্ষেত্রগুলোর কোনটিতে বিলম্বিত বলে দেখায়, তাহলে সে পরিষেবার জন্য যোগ্য হতে পারে:

- জ্ঞানগত (চিন্তা করা ও শেখা);
- ভাষা ও যোগাযোগ (ভাষা বোধগম্যতা ও ব্যবহার);
- অভিযোজনগত (আত্মনির্ভরশীলতা দক্ষতা, যেমন টয়লেট ব্যবহার, আহার ও পোশাক পরিধান করা);
- সামাজিক-মানসিক (অন্যান্য শিক্ষার্থীদের সাথে মেলামেশা ও অনুভূতি প্রকাশ করা, ইত্যাদি আচরণ); এবং/অথবা
- পেশী সঞ্চালন (শারীরিক বৃদ্ধি, যার অন্তর্ভুক্ত আছে দৃষ্টি, শ্রবণ এবং চলাফেরা ইত্যাদিতে বিলম্ব বা বৈকল্য)।

এছাড়াও আপনার সন্তানের যদি অটিজম, বধিরতা, বধিরতা-অন্ধত্ব, শ্রবণ প্রতিবন্ধিত্ব, অস্থিজনিত প্রতিবন্ধিত্ব, অন্যান্য শারীরিক প্রতিবন্ধিত্ব, মস্তিষ্কে আঘাতজনিত ক্ষত, বা কোন দৃষ্টি প্রতিবন্ধিত্ব (অন্ধত্বসহ) ইত্যাদি থাকে, তাহলে সে পরিষেবা লাভের জন্য যোগ্য বিবেচিত হতে পারে। প্রিস্কুল স্পেশাল এডুকেশনের যোগ্যতা সম্পর্কে আরও জানতে হলে 15 দেখুন পৃষ্ঠা।

আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্য কি না, সেটা মূল্যায়নের অনুরোধ জানাতে পিতামাতা হিসেবে আপনি, আপনার কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-এর সাথে যোগাযোগ করতে পারেন। CPSE 3 থেকে 5 বছর বয়সী প্রি-স্কুল শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের জন্য দায়বদ্ধ। সিটির বিভিন্ন এলাকায় 10টি CPSE রয়েছে যা পরিবারসমূহ যেসব ডিস্ট্রিক্টে বাস করে, সেখানে পরিবারসমূহের সাথে কাজ করে। প্রতিটি CPSE কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) নামের একটি বৃহত্তর কমিটির অংশ। একটি CSE/CPSE ম্যাপ এবং যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা 36 এবং 37 দেখুন।

আপনার সন্তান যদি প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের উপযুক্ত হয়, তাহলে CPSE একটি ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP) তৈরির জন্য কাজ করবে। একটি IEP হলো এমন একটি পরিকল্পনা যা আপনার সন্তানের সক্ষমতা নিয়ে আলোচনা করে এবং পরিষেবাসমূহের রূপরেখা প্রদান করে যা আপনার সন্তানের শিক্ষাগত চাহিদা পূরণের জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) বিনা খরচে প্রদান করবে। আইইপি সুপারিশের উপর ভিত্তি করে পরিষেবা আপনার সন্তানের নিয়মিত আরলি চাইল্ডহুড প্রোগ্রামে, কোন প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রামে, কিংবা আপনার স্থির করা অন্য কোন শিশুসেবা প্রদানকারীর কার্যালয়ে প্রদান করা হতে পারে। বিভিন্ন ধরনের সার্ভিস সম্পর্কে আর ও জানতে হলে পৃষ্ঠা 21 দেখুন।

## প্রক্রিয়ার শুরু

প্রতিটি ছেলেমেয়েই আলাদা। কিছু ছেলেমেয়ের প্রতিবন্ধিতা রয়েছে যা জন্মের সাথে সাথেই ধরা পড়ে। অন্যান্য ছেলেমেয়েদের এমন প্রতিবন্ধিতা থাকতে পারে যা ধরা পড়ে পরবর্তিতে বা স্কুলে যাওয়ার পর। এটা স্মরণ রাখা জরুরি যে, ছেলেমেয়েরা ভিন্ন ভিন্ন গতিতে ও পদ্ধতিতে শিখে।

কীভাবে 3 থেকে 5 বছর বয়সীদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া শুরু হবে, তা নির্ভর করে নিম্নলিখিত বিষয়গুলোর উপর:

- সন্তানের বয়স 3 হওয়ার আগেই সনাক্ত হয়েছিল এবং আরলি ইন্টারভেনশন (EI) সার্ভিস লাভ করেছিল;
- সন্তান একটি প্রিস্কুল প্রোগ্রামে যাচ্ছে এবং তার অগ্রগতি সতীর্থদের তুলনায় বিলম্বিত; অথবা
- সন্তান অন্য একটি শিশুসেবা ব্যবস্থায় আছে এবং আপনি বিশ্বাস করেন যে তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন হতে পারে।



**সন্তানের অগ্রগতি নিয়ে আপনার যদি কোন উদ্বেগ থাকে, তাহলে আপনার প্রথম পদক্ষেপ হবে সন্তানের শিক্ষকের (শিক্ষকদের) সাথে মতবিনিময় করা ও আপনার সন্তানের চাহিদা ও অগ্রগতি সম্পর্কে আরও জানা।**

## আর্লি ইন্টারভেনশন (EI) থেকে উত্তরণ

যেসব ছেলেমেয়েদের প্রতিবন্ধিতা আছে, আর্লি ইন্টারভেনশন (EI) প্রোগ্রাম তাদেরকে জন্ম থেকে 3 বছর অবধি পরিষেবা দেয়। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) EI পরিচালনা করে।

যদি আপনার সন্তান বর্তমানে EI সার্ভিস গ্রহণ করে থাকে এবং তার প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন হতে পারে বলে যদি আপনি বিশ্বাস করেন, তাহলে আপনাকে অবশ্যই সন্তানকে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর কাছে জানাতে হবে। আপনি কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE) বরাবর একটি লিখিত রেফারাল লেটার দিয়ে তা করতে পারেন। আপনার EI সার্ভিস কোঅর্ডিনেটর চিঠি লিখায় আপনাকে সহায়তা দিতে পারেন এবং এর নির্দেশনা পাওয়া যাবে 7 পৃষ্ঠায়।

EI সার্ভিস সূচি অনুযায়ী সমাপ্ত হয় ছেলেমেয়ের তৃতীয় (3rd) জন্মদিনে। আপনার সন্তানের বয়স 3 হওয়ার কমপক্ষে ছয় মাস আগে আপনার সন্তানের EI সার্ভিস কোঅর্ডিনেটরের উচিৎ আপনাকে উত্তরণ প্রক্রিয়ায় সহায়তাদান শুরু করা।

যদি CPSE আপনার সন্তানের তৃতীয় (3rd) জন্মদিনের আগে একটি মিটিং করে এবং জানতে পারে যে আপনার সন্তানের সার্ভিসের প্রয়োজন আছে, তাহলে আপনি বেছে নিতে পারবেন:

- সে সময় EI সার্ভিস শেষ করতে এবং প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস শুরু করতে; কিংবা
- সন্তানের জন্মতারিখের ভিত্তিতে তার EI সার্ভিস সম্প্রসারণ করতে:

| জন্ম<br>জানুয়ারি 1 - অগাস্ট 31 | জন্ম<br>সেপ্টেম্বর 1 - ডিসেম্বর 31 |
|---|---|
| আপনার সন্তান অগাস্ট 31 পর্যন্ত EI সার্ভিস গ্রহণ করা অব্যাহত রাখতে পারে। | আপনার সন্তান ডিসেম্বর 31 পর্যন্ত EI সার্ভিস গ্রহণ করা অব্যাহত রাখতে পারে। |

## আপনার সন্তান যদি ইতোমধ্যে একটি প্রিস্কুল প্রোগ্রামে তালিকাভুক্ত থাকে

যেসব ছেলেমেয়ে বর্তমানে প্রিস্কুল প্রোগ্রামে তালিকাভুক্ত আছে, তাদের পরিবার ও প্রিস্কুল স্টাফকে ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য পাঠাবার পূর্বে সহায়তার ভিন্ন ভিন্ন কৌশল অনুসন্ধান করতে হবে। মিলিতভাবে প্রাপ্তবয়স্করা তথ্য সংগ্রহ করতে, সহায়তা ব্যবহার করতে ও মনিটর করতে, এবং ছেলেমেয়েদের জন্য পরবর্তী ধাপ নিশ্চিত হতে পারবে।



সন্তানের অগ্রগতি নিয়ে আপনার যদি কোন উদ্বেগ থাকে, তাহলে আপনার প্রথম পদক্ষেপ হবে সন্তানের শিক্ষকের (শিক্ষকদের) সাথে মতবিনিময় করা ও আপনার সন্তানের চাহিদা ও অগ্রগতি সম্পর্কে আরও জানা। শিক্ষকের সাথে একটি বৈঠকের সময়সূচি ঠিক করুন। বৈঠকের জন্য প্রস্তুত হতে আপনি আপনার সমস্যাসমূহ ও যেসব প্রশ্ন নিয়ে আলোচনা করতে চান, তার একটি তালিকা তৈরি করুন। এর অন্তর্ভুক্ত আছে সেসব কৌশল যা আপনার সন্তানকে সহায়তার জন্য বাড়িতে ও ক্লাসরুমে ব্যবহার করা হচ্ছে। শিক্ষককে আপনার সন্তান সম্পর্কে যতোটা সম্ভব বেশি জানতে সহায়তা দেওয়ার ক্ষেত্রে যা গুরুত্বপূর্ণ:

- ইতিবাচক শিক্ষাগত অভিজ্ঞতা বিনিময় করা, যার অন্তর্ভুক্ত আছে আপনি কখন আপনার সন্তানকে সফল হতে দেখেছেন,উদাহরণস্বরূপ মনোযোগ দিয়ে একটি গল্প শোনা, বন্ধুদের সাথে খেলনা বিনিময় করা, কিংবা ক্রমানুযায়ী তার পালার জন্য অপেক্ষা করা।
- আপনার সন্তানের সক্ষমতা, চ্যালেঞ্জ এবং আগ্রহ সম্পর্কে আপনার ধারণা জানান।
- আপনি বাড়িতে সন্তানের ইতিবাচক আচরণ বজায় রাখতে এবং/অথবা শিক্ষণ ত্বরান্বিত করতে যেসব সহায়তা প্রদান করতে পারেন, তা নিয়ে কথা বলুন।
- আপনার সন্তানের যেসব ক্ষেত্রে বাড়তি সহায়তার প্রয়োজন আছে বলে আপনি ধারণা করেন, সেগুলো ব্যাখ্যা করুন।

## আপনি যেসব প্রশ্ন করতে পারেন

কীভাবে আপনার সন্তানকে বেড়ে উঠতে ও অগ্রগতি অর্জন করতে সহায়তা দেবেন, সেটা জানায় সাহায্যের জন্য সন্তানের শিক্ষককে/শিক্ষকদেরকে নিচের প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে পারেন:

- আমার সন্তানের শক্তিশালী দিকগুলি কী কী? আমার সন্তানের জন্য ক্লাসরুমের কোন্ কোন্ বিষয়গুলো চ্যালেঞ্জপূর্ণ?
- আমার সন্তানের যখন প্রয়োজন হয়, তখন আপনি কিভাবে সহায়তা দেন (বা দেবেন)?
- আপনার কাছে কী আমার সন্তানের কাজের কিছু নমুনা আছে যা নিয়ে একসাথে কথা বলতে পারি? এসব কাজের সাথে বছরের শেষে তারা যা জানবে বা করতে সক্ষম হবে বলে তাদের কাছে থেকে যা প্রত্যাশা করা হয়, তার তুলনা কীভাবে করা যাবে?
- কম্যুনিটিতে এমন কোন কর্মসূচি বা পরিসেবা আছে কি, যা আমার সন্তানকে সহায়তা দিতে পারে?
- এমন কোন শিক্ষামূলক কর্মকাণ্ড আছে কি, যা আমি বাড়িতে বা আশেপাশের এলাকায় করতে পারে?
- আমার সন্তান কীভাবে অন্যান্য ছেলেমেয়ে ও প্রাপ্তবয়স্কদের সাথে ক্লাসরুমে মেলামেশা করে?
- আমার সন্তানের কি নির্দেশনা অনুসরণে সমস্যা হয়? আমার সন্তান যাতে নির্দেশনা অনুসরণ করে, সেজন্য আপনি কী করেন?
- আমার সন্তান ক্লাসরুমে কীভাবে শিখছে এবং অন্যান্য ছেলেমেয়ে ও প্রাপ্তবয়স্কদের সাথে মেলামেশা করছে, সে ব্যাপারে আপনি আমাকে কি কিছু জানাতে পারেন (আপনি যা দেখেছেন)?
- আমার সন্তান কী তার বয়সের জন্য প্রত্যাশিত মাত্রায় শিখছে ও বেড়ে উঠছে?

আপনার সন্তানের অগ্রগতির ব্যাপারে আপনার অব্যাহত উদ্বেগ থাকলে আপনি আপনার সন্তানকে কমিটি অন স্পেশাল এডুকেশন (CPSE)-এ স্পেশাল এডুকেশনের মূল্যায়নের জন্য রেফারাল করে দিতে পারেন। আপনার CPSE-এর কাছে বছরের যে কোন সময় মূল্যায়নের জন্য একটি রেফারাল লেটার প্রদান করতে পারেন। কীভাবে রেফারেল লেটার লিখতে হয়, জানতে হলে 7 পৃষ্ঠায় দেখুন।

পিতামাতা বা অভিভাবক হিসেবে আপনি আপনার সন্তানকে সব চাইতে ভালো জানেন। আপনার সন্তান যথোপযুক্ত সার্ভিস ও সহায়তা লাভ করছে, সেটা নিশ্চিত করতে CPSE আপনার সাথে কাজ করবে।



## যেসব ছেলেমেয়ের বাড়ির ভাষা ইংরেজিভিন্ন অন্য কিছু

আপনার সন্তানের বাড়ির ভাষা যদি ইংরেজিভিন্ন অন্য কিছু হয়, তাহলে আপনার সন্তানের ক্লাসরুম শিক্ষায় সহায়তা দিতে উভয় ভাষায় তার সামর্থ্যকে বাড়িয়ে দিয়ে প্রিস্কুল প্রোগ্রামে তার শিক্ষায় সহায়তা দিতে হবে। সহায়তা দেওয়ার পরও যদি আপনার সন্তানের অগ্রগতি নিয়ে প্রোগ্রাম সমস্যার মুখোমুখী হয়, তাহলে তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে কি না, সেটা নির্ধারণের জন্য আপনি রেফারালের কথা ভাবতে পারেন।

## যদি আপনার সন্তান অন্য শিশুসেবা ব্যবস্থার অধীন থাকে

আপনার সন্তান যদি অন্য কোন শিশুসেবা ব্যবস্থার– যেমন ডে কেয়ার অথবা কোন পরিবারের সদস্যের তত্ত্বাবধানে থাকে, তাহলে আপনাকে কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-কে আপনার সন্তানকে মূল্যায়নে ও তাকে বুঝায় সহায়তা দিতে বাড়িতে ও অন্য যে শিশুসেবা ব্যবস্থার অধীনে থাকে, সেখান থেকে সন্তানের চাহিদা ও সক্ষমতা সম্পর্কে তথ্য সংগ্রহ করতে হবে। উপরের অংশের আলোচিত প্রশ্ন ও সমস্যাসমূহ বিবেচনায় রাখুন। আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের কোন প্রতিবন্ধিতা থাকতে পারে ও তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন হতে পারে, তাহলে আপনি আপনার সন্তানকে স্পেশাল এডুকেশনের মূল্যায়নের জন্য CPSE-তে পাঠাতে পারেন। আপনার CPSE–এর কাছে বছরের যে কোন সময় মূল্যায়নের জন্য একটি রেফারাল লেটার প্রদান করতে পারেন। কীভাবে রেফারেল লেটার লিখতে হয়, জানতে হলে 7 পৃষ্ঠায় দেখুন।

# প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রক্রিয়া

1 রেফারাল → 2 মূল্যায়ন → 3 CPSE মিটিং → 4 পরিসেবা

## 1. রেফারাল

সন্তানকে কমিটি অন স্পেশাল এডুকেশন (সিপিএসই)-এ সুপারিশ করার আগে, শিক্ষার্থীদের বেড়ে উঠায় ও শিক্ষাদানের বিভিন্ন হস্তক্ষেপমূলক সহায়তা দিতে পরিবার ও শিক্ষকদেরকে একযোগে কাজ করতে হবে। রেফারাল-এর আগে শিক্ষকদের সাথে কাজ করা ও যথাপথ প্রশ্ন জিজ্ঞাসা করা সম্পর্কে আরও তথ্য জানতে হলে অনুগ্রহ করে 5 নং পৃষ্ঠা দেখুন।

| জন্ম<br>1 জানুয়ারি - 30 জুন | জন্ম<br>1 জুলাই - 31 ডিসেম্বর |
|---|---|
| যে বছর ছেলেমেয়ের বয়স 3 হবে, সে বছরের 2 জানুয়ারি থেকে পরিষেবা শুরু হতে পারে। | যে বছর ছেলেমেয়ের বয়স 3 হবে, সে বছরের 1 জুলাই থেকে পরিষেবা শুরু হতে পারে। |

### যোগ্য বয়স

ছেলেমেয়েরা যেবছর ৩ বছর বয়সী হবে সেই স্কুলবছর থেকে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করা শুরু করে। যথাযথ বয়স নির্ভর করে সন্তানের জন্মতারিখের উপর।

ছেলেমেয়েরা যে বছরে তাদের বয়স 5 বছর হবে, সে বছরের জুন মাস (অথবা অগাস্ট মাস পর্যন্ত, যদি এক্সটেনডেড স্কুল ইয়ার সুপারিশকৃত হয়) পর্যন্ত অব্যাহতভাবে পরিষেবা লাভ করতে পারে। যে বছর ছেলেমেয়েরা 5 বছর বয়সে পড়বে, সে স্কুল বছরের শুরুতে তারা স্কুল-বয়সীদের স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্য হবে।

### কীভাবে রেফারেল করতে হয়

আপনার সন্তানের বেড়ে ওঠা সম্পর্কে যদি আপনার কোন উদ্বেগ থাকে এবং আপনি যদি একটি প্রিস্কুল স্পেশাল এডুকেশনের ব্যাপারে আগ্রহী থাকেন, তাহলে আপনি স্থানীয় CPSE-এর কাছে চিঠি দিতে পারেন। এ চিঠিকে বলা হয় "প্রারম্ভিক রেফারাল লেটার" এবং এটি লিখিত হতে হবে। রেফারালে আপনি যা করবেন তা হলো:

- বলবেন যে আপনি প্রিস্কুল স্পেশাল এডুকেশন মূল্যায়ন করাতে চাইছেন;
- আপনার সন্তানর পূর্ণ, আইনি নাম ও জন্মতারিখ দেবেন:
- আপনার সন্তানের বেড়ে ওঠার কোন সুনির্দিষ্ট ক্ষেত্রে যদি কোন সমস্যা থাকে, তার বর্ণনা দেবেন;
- অতীতে আপনার সন্তান যদি কোন পরিষেবা গ্রহণ করে থাকে বা বর্তমানে গ্রহণ করে, তাহলে তার তালিকা দিন;
- আপনার নাম, ঠিকানা ও একটি ফোন নম্বরসহ আপনার সাথে যোগাযোগের পূর্ণ তথ্য দিন যাতে CPSE আপনার সাথে যোগাযোগ করতে পারে; এবং
- আপনার অগ্রবিবেচ্য ভাষা উল্লেখ করুন, যদি তা ইংরেজি না হয়।

আপনার সন্তান বর্তমানে যদি EI সার্ভিস গ্রহণ করে, তাহলে আপনি আপনার EI সার্ভিস কোঅর্ডিনেটরকে এই লেটার লিখতে বলতে পারেন। EI থেকে উত্তরণ সম্পর্কে অধিক তথ্যের জন্য পৃষ্ঠা 4 দেখুন।

*পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য*

আপনার CPSE অফিসে সরাসরি, ফ্যাক্স, বা ডাকযোগে লিখিত রেফারাল পাঠিয়ে দিতে পারেন। কোন্ CPSE আপনার সন্তানের বাড়ির ঠিকানার জন্য দায়বদ্ধ সেটা জানতে এবং সে CPSE-এর যোগাযোগের তথ্য জানতে হলে আপনি:

- পৃষ্ঠা 36-এ CPSE তথ্য দেখুন;
- CSE/CPSE-এর ওয়েবসাইট http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Help/Contacts/CSECPSE দেখুন।
- কল করুন 311 নম্বরে; বা
- DOE-এর 'ফাইন্ড এ স্কুল' (স্কুল খোঁজা) ওয়েবসাইট দেখুন https://www.schools.nyc.gov/find-a-school 'ফাইন্ড এ স্কুল' ব্যবহার করতে হলে আপনার সন্তানের বাড়ির ঠিকানা ও বরো দেখুন। অ্যাপার্টমেন্ট নম্বরের মতো তথ্যও দেবেন। "Search"-এ ক্লিক করুন। ওয়েবসাইট ঠিকানাটির নিকটতম স্কুলগুলো দেখাবে। স্কুলের ডিস্ট্রিক্ট দেখা যাবে।

একটির রেফারাল লেটার লিখায় বা পাঠানোয় আপনার কোন সহায়তার প্রয়োজন হলে আপনার CPSE-এর সাথে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা 36 দেখুন।

## পিতামাতা ছাড়া আর কে প্রারম্ভিক রেফারাল দিতে পারেন?

পিতামাতার বাইরে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর কোন স্কুলের প্রিন্সিপ্যাল কিংবা একজন CPSE অ্যাডমিনিস্ট্রেটরও একটি রেফারাল প্রদান করতে পারবেন।

আপনি যদি একজন ফস্টার প্যারেন্ট হন, তাহলে বাড়তি নির্দেশনার জন্য 25 নং পৃষ্ঠা দেখুন।

## কে প্রাথমিক রেফারালের জন্য অনুরোধ জানাতে পারেন?

যদি কেউ CPSE-এর কাছে স্পেশাল এডুকেশনের জন্য প্রারম্ভিক রেফারেলের লিখিত অনুরোধ জমা দেন, তাহলেও রেফারেল প্রক্রিয়া শুরু হতে পারে। কোন শিক্ষার্থীকে স্পেশাল এডুকেশনের জন্য রেফার করার অনুরোধ করতে পারেন:

- শিক্ষার্থীর আবাসিক স্কুল ডিস্ট্রিক্ট-এর একজন পেশাদার কর্মচারী;
- শিক্ষার্থী যে সরকারি বা বেসরকারি স্কুলে যায় বা যাওয়ার জন্য যোগ্য, সেখানকার একজন পেশাদার কর্মচারী;
- একজন লাইসেন্সধারী চিকিৎসক;
- একজন বিচারিক কর্মকর্তা; কিংবা
- ওয়েলফেয়ার, স্বাস্থ্য কিংবা ছেলেমেয়েদের শিক্ষা বিষয়ক দায়িত্বে নিয়োজিত কোন সরকারি এজেন্সির পেশাদার কর্মচারী।

এসব ব্যক্তির কেউ যখন প্রারম্ভিক রেফারালের জন্য অনুরোধ জানান, তখন যে বিষয়গুলো থাকা গুরুত্বপূর্ণ, তা হলো:

- এতে যেনো রেফারালের কারণ ব্যাখ্যা করে ও রেফারালের অনুরোধের ভিত্তি হিসেবে সকল পরীক্ষার যেসব ফলাফল, রেকর্ড বা রিপোর্ট আছে, সেগুলোকে অন্তর্ভুক্ত করতে হবে;
- রেফারালের অনুরোধ জানাবার আগে সন্তানের কার্যসম্পাদনা সংশোধনের লক্ষ্যে যেসব ব্যবস্থা প্রয়োগ করা হয়েছিল, তার বর্ণনা;
- রেফারালের অনুরোধ জানাবার আগে পিতামাতার যোগাযোগ ও সংশ্লিষ্টতার পরিসর।

যখন CPSE একটি রেফারালের অনুরোধ পায়, CPSE তখন 10 স্কুল দিবসের মধ্যে যা করতে পারে:

- রেফারাল প্রক্রিয়া শুরু করতে এবং একটি রেফারাল প্যাকেট (নিচে দেখুন) পাঠাতে; কিংবা

**ছেলেমেয়েরা যেবছর ৩ বছর বয়সী হবে সেই স্কুলবছর থেকে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করা শুরু করে।**

- রেফারেলের অনুরোধের একটি কপি সংযুক্ত করুন, একটি প্রারম্ভিক মূল্যায়নের জন্য আপনার সন্তানকে রেফার করার এবং আপনাকে সাক্ষাৎ করার সুযোগ প্রদানে আপনার অধিকার সম্পর্কে জানুন, এবং

### রেফারাল প্যাকেট


একবার প্রারম্ভিক রেফারাল জমা দিয়ে দিলে CPSE আপনার কাছে প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য একটি রেফারাল প্যাকেট ডাকযোগে পাঠাবে, যার অন্তর্ভুক্ত থাকবে;

- রেফারাল হস্তগত হয়েছে, এই মর্মে একটি বিজ্ঞপ্তি;
- নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এর অনুমোদিত মূল্যায়নকারী সাইটের তালিকা (অনুমোদিত মূল্যায়নকারী সাইট);
- একটি "প্রারম্ভিক মূল্যায়নে সম্মতি" ফরম।
- চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ এক্সামিনেশন ফরম; এবং
- আপনার অধিকার সংক্রান্ত তথ্য।

আপনি যদি রেফারাল জমা দেওয়ার দুই সপ্তাহের মধ্যে রেফারাল প্যাকেট না পান, তাহলে আপনাকে সহায়তার জন্য CPSE-কে ফোন করতে হবে। প্যাকেটটি পাওয়ার পর আপনাকে রেফারাল প্যাকেটে দেওয়া অনুমোদিত মূল্যায়ন সাইটসমূহের একটিতে মূল্যায়নের ব্যবস্থা করতে হবে।



**আপনার সন্তানের বেড়ে ওঠা সম্পর্কে যদি আপনার কোন উদ্বেগ থাকে এবং আপনি যদি একটি প্রিস্কুল স্পেশাল এডুকেশনের ব্যাপারে আগ্রহী থাকেন, তাহলে আপনি স্থানীয় CPSE-এর কাছে চিঠি দিতে পারেন।**




## 2. মূল্যায়ন

### মূল্যায়ন প্রক্রিয়া

নিচের সবিস্তার বর্ণনা অনুযায়ী, আপনি যখন রেফারাল প্যাকেট হাতে পাবেন, আপনাকে তখন প্রদত্ত তালিকা থেকে একটি অনুমোদিত মূল্যায়ন সাইট বেছে নিতে হবে এবং সে মূল্যায়নকারী এজেন্সির সাথে যোগাযোগ করতে হবে। আপনি যে মূল্যায়নকারী এজেন্সির সাথে যোগাযোগ করবেন, তারা:

- মূল্যায়ন প্রক্রিয়া এবং আপনার ন্যায়সঙ্গত অধিকার ব্যাখ্যা করার জন্য আপনার সাথে একটি সাক্ষাৎকারের ব্যবস্থা করবে এবং আপনার সন্তানের মূল্যায়নের লিখিত সম্মতি নেবে;
- কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-কে জানাবে যে তারা আপনার সন্তানের মূল্যায়নের সম্মতি প্রাপ্ত হয়েছে;
- যথাযথ মূল্যায়ন পরিচালনা করবে; এবং
- প্রিস্কুল স্টুডেন্ট ইভ্যালুয়েশন সামারি রিপোর্ট পূরণ করবে, এটি গৃহীত পরীক্ষার ফলাফলের সারসংক্ষেপ।

এই মূল্যায়নে আপনার কোন অর্থ ব্যয় করতে হবে না।

**আপনার রেফারাল প্যাকেটে প্রিস্কুল মূল্যায়ন প্রদানের জন্য নিউ ইয়র্ক স্টেটের অনুমোদিত মূল্যায়নকারী এজেন্সিগুলোর একটি তালিকা অন্তর্ভুক্ত আছে।**

### কীভাবে মূল্যায়নের ব্যবস্থা করতে হয়

আপনার রেফারাল প্যাকেটে প্রিস্কুল মূল্যায়ন প্রদানের জন্য নিউ ইয়র্ক স্টেটের অনুমোদিত মূল্যায়নকারী এজেন্সিগুলোর একটি তালিকা অন্তর্ভুক্ত আছে। আপনার এই তালিকাটি পর্যালোচনা করা এবং তালিকা থেকে একটি এজেন্সি বেছে নেয়া উচিত। অধিকাংশ মূল্যায়নকারী সাইটগুলো বেসরকারি প্রতিষ্ঠান, তবে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসেও প্রিস্কুল মূল্যায়নের ব্যবস্থা আছে। কে আপনার সন্তানকে মূল্যায়ন করবে, সেটা বেছে নেওয়ার সময় আপনাকে জেনে নিতে হবে কতো দ্রুত মূল্যায়ন সম্পাদন করা সম্ভব হবে। মূল্যায়ন সম্পন্ন করার পর সময়মতো CPSE সভার আয়োজন করায় এ তথ্য আপনাকে সহায়তা করবে। আপনি একটি এজেন্সি বেছে নেওয়ার পর যতো শীঘ্র সম্ভব আপনাকে একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করে নিতে হবে।

কিছু ছেলেমেয়ের প্রয়োজন হয় একটি **দ্বিভাষি মূল্যায়নের**, যা পরিচালনা করা হয় ইংরেজি ও শিক্ষার্থীর বাড়ির ভাষায় বা মাতৃভাষায়। যেসব এজেন্সিতে দ্বিভাষিক মূল্যায়নের ব্যবস্থা আছে, সেগুলো রেফারাল প্যাকেটের অনুমোদিত মূল্যায়নকারী এজেন্সির তালিকায় নির্দিষ্ট ভাষার সুবিধা অনুযায়ী (ইংরেজিভিন্ন অন্য ভাষা) চিহ্নিত করা আছে। এছাড়াও একটি দ্বিভাষিক মূল্যায়ন পরিচালনা করতে পারে, তেমন একটি এজেন্সি খোঁজায় সহায়তার জন্য আপনারা CPSE-তে যোগাযোগ করতে পারেন। আপনার সন্তানের দ্বিভাষিক মূল্যায়ন আবশ্যিক কি না, সেটা নির্ধারণ করতে মূল্যায়নকারী এজেন্সি একটি মূল্যায়নের ভাষা নিরূপণকারী হোম ল্যাঙ্গুয়েজ সার্ভে পরিচালনা করবে।

একটি মূল্যায়নকারী সাইট বাছাই করতে সহায়তার জন্য আপনি CPSE-এর সাথে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা 36 দেখুন। যে CSE অফিসের অধীনে আপনার হোম ডিস্ট্রিক্ট নিয়ন্ত্রিত, সে অফিসে যোগাযোগ করার মাধ্যমে DOE প্রিস্কুল মূল্যায়নের ব্যবস্থা করা যাবে। যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা 36 দেখুন।



## আপনার সন্তানকে মূল্যায়নের সজ্ঞাত সম্মতি প্রদান

আপনার সন্তানকে এজেন্সির মূল্যায়নের পূর্বে আপনাকে অবশ্যই লিখিত অনুমতি দিতে হবে। এটাকে বলে "সজ্ঞাত সম্মতি"। সজ্ঞাত সম্মতির অর্থ হলো, এজেন্সি আপনাকে আপনার প্রধান ভাষায় মূল্যায়ন ও আপনার অধিকার সম্পর্কে সকল প্রাসঙ্গিক তথ্য সম্পূর্ণ ব্যাখ্যা করেছে। আপনার সম্মতি স্বেচ্ছায় এবং লিখিতভাবে দিতে হবে এবং তা যে কোন সময় প্রত্যাহার করা (ফিরিয়ে নেওয়া) যাবে। আপনি যদি পিতামাতা হিসেবে সম্মতি দিতে না চান, তাহলে স্পেশাল এডুকেশনের মূল্যায়ন পরিচালনা করা যাবে না, এবং CPSE-কে জানান হবে যে, কেসটি পরিত্যক্ত হয়েছে এবং আর কোন পদক্ষেপ গ্রহণ করা হবে না।

মূল্যায়নে সম্মতি দেওয়ার অর্থ নয় আপনি স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য সম্মতি দিয়েছেন। আপনি সন্তানের মূল্যায়ন করাতে চাইতে পারেন, কিন্তু স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণ করতে না চাইতে পারেন (যোগ্য হলে)।

আপনার অধিকার আছে, যে কোন সময় CPSE বরাবর লিখিত দিয়ে এবং আপনার সন্তানের মূল্যায়নে সম্মতি প্রত্যাহার করতে চান বলে তাদেরকে জানিয়ে দিয়ে মূল্যায়ন প্রক্রিয়া বন্ধ করে দেওয়ার। আপনি কখনও মূল্যায়ন বন্ধ করে দিতে চাইলে আপনার সন্তানের CPSE কেস আপনা আপনি বন্ধ হয়ে যাবে। তবে আপনি কখনও সম্মতি প্রত্যাহার করলে, মনে রাখতে হবে যে এই প্রত্যাহার পূর্ব থেকে কার্যকর নয়, অর্থাৎ সম্মতি প্রত্যাহারের আগে গৃহীত কোন পদক্ষেপ অকার্যকর করে না।

আপনি যদি একজন ফস্টার প্যারেন্ট হন, তাহলে বাড়তি নির্দেশনার জন্য 25 নং পৃষ্ঠা দেখুন।

আপনি যখন আপনার সম্মতি প্রদান করবেন,তখন স্মরণ রাখবেন যে, CPSE-কে অবশ্যই সম্মতি ফরম সই করার তারিখ থেকে 60 পঞ্জিকা দিবসের মধ্যে একটি CPSE সভা করতে হবে। আপনি সই না দিলে যেহেতু এ সময়সূচির সূচনা হবে না, সে কারণে আপনার প্রথম মূল্যায়নের সময় যথাশীঘ্র সম্ভব ঠিক করে নেওয়া জরুরি। CPSE দ্রুত যথাযথ সার্ভিস আয়োজন করার জন্য পর্যাপ্ত সময় (CPSE সভার 30 স্কুল দিবসের অধিক নয় এবং মূল্যায়নের জন্য সম্মতি ফরম সই করার 60 স্কুল দিবসের মধ্যে, কিংবা প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্যতা অর্জনের প্রথম দিন থেকে) পাচ্ছে, সেটা নিশ্চিত করতে এটা সহায়তা করবে।

## প্রাথমিক মূল্যায়নে কী কী অন্তর্ভুক্ত থাকবে?

আপনার সন্তানের প্রারম্ভিক মূল্যায়নে যা যা থাকবে:

- একটি সমন্বিত মনোবৈজ্ঞানিক মূল্যায়ন, যা আপনার ছেলেমেয়ে কী জানে এবং তার জ্ঞানগত সক্ষমতা কী, সেগুলোর প্রতি দৃষ্টিপাত করে;
- একটি সামাজিক ইতিহাস নিয়ে সাক্ষাৎকার, যাতে থাকবে সামাজিক প্রেক্ষাপট থেকে আপনার সন্তানের বিকাশগত এবং পারিবারিক ইতিহাস, অধিকাংশ ক্ষেত্রে জন্ম থেকে বর্তমান পর্যন্ত;



- একটি শারীরিক মূল্যায়ন, যা মূলতঃ ছেলেমেয়ের ডাক্তার কর্তৃক সম্পাদিত ডাক্তারি পরীক্ষা;
- আপনার সন্তানকে তার বর্তমান শিক্ষা বা চাইল্ডকেয়ার প্রদানকারী প্রতিষ্ঠানে পর্যবেক্ষণ; এবং
- প্রতিবন্ধিতার কারণ হিসেবে সন্দেহ করার জন্য দায়ী হতে পারে, এমন সব শারীরিক, মানসিক, আচরণগত ও আবেগগত অবস্থা নিশ্চিত হওয়ার জন্য প্রয়োজনীয় অন্যান্য মূল্যায়ন।

## বেসরকারি মূল্যায়ন

CPSE-কে অবশ্যই আপনার দেওয়া তথ্যসহ আপনার সন্তানের সকল তথ্য বিবেচনা করতে হবে। আপনার পছন্দের মূল্যায়নকারী এজেন্সি যখন কোন প্রয়োজনীয় পরীক্ষা ও মূল্যায়ন পরিচালনা করবে, তখন আপনি নিজ খরচে সন্তানের কোন বেসরকারি মূল্যায়ন করিয়ে থাকলে সে মূল্যায়নের ফলাফল প্রদান করতে পারেন। আপনি যদি কোন বেসরকারি ডাক্তার বা মূল্যায়নকারীকে দিয়ে মূল্যায়ন করিয়ে থাকেন এবং CPSE-এর কাছে যদি তা পর্যালোচনার জন্য দিতে চান, তাহলে আপনাকে তা মূল্যায়নকারী এজেন্সিকে জানাতে হবে এবং আপনার CPSE প্রশাসকের কাছে তা পাঠিয়ে দিতে হবে। যদি আপনার সন্তান আরলি ইন্টারভেনশন (EI) সার্ভিস লাভ করে, তাহলে আপনার অনুমোদনসাপেক্ষে আপনার EI সার্ভিস কোঅর্ডিনেটরকে CPSE-এর কাছে আপনার সন্তানের EI-এর মূল্যায়ন ও রেকর্ড পাঠাতে হবে। CPSE কখনও কখনও একটি মূল্যায়নকারী এজেন্সির দ্বারা একটি নতুন মূল্যায়ন পরিচালনার স্থলে বেসকারি মূল্যায়ন বা সাম্প্রতিক EI মূল্যায়ন গ্রহণ করে থাকে। অন্য সময় CPSE বেসরকারি বা EI–এর মূল্যায়ন বিবেচনা করবে, কিন্তু নতুন মূল্যায়নের স্থলাভিষিক্ত করবে না। উভয় ক্ষেত্রেই, CPSE আপনার দেওয়া সবকিছুই বিবেচনা করবে।

## মূল্যায়নের সারসংক্ষেপ

মূল্যায়নের সাইট প্রিস্কুল স্টুডেন্ট ইভ্যালুয়েশন সামারি রিপোর্টসহ এক কপি মূল্যায়নের রিপোর্ট পিতামাতা হিসেবে আপনাকে প্রদান করবে। কপি CPSE প্রশাসকের কাছে পাঠানো হবে।

মূল্যায়নের রিপোর্ট ও সারাংশ পাওয়ার পর মূল্যায়ন পর্যালোচনার জন্য আপনার ও CPSE–এর সাথে একটি সভা আহ্বান করা হবে।

## শিক্ষার্থীর পরিবর্তিত তথ্য হালনাগাদকরণ

যদি কখনও ঠিকানা, নাম, অভিভাবক, বা অভিভাবকের ফোন নম্বরসহ আপনার সন্তানের তথ্য পরিবর্তন হয়, তাহলে সেটা CPSE ও প্রিস্কুল প্রোগ্রামে হালনাগাদ করা গুরুত্বপূর্ণ। এটা আপনার সন্তানের সাথে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি বা সহায়তা সম্পর্কে নিশ্চিত হতে সাহায্য করবে।

1
রেফারাল

2
মূল্যায়ন

3
CPSE মিটিং

4
পরিসেবা

## 3. CPSE মিটিং

### উপরিচিত্র

আপনার সন্তানের প্রারম্ভিক মূল্যায়ন শেষ হওয়ার পর আপনাকে সবার জন্য সুবিধাজনক সময়ে একটি কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-এর সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান হবে। আপনি যাতে তথ্য ও পরামর্শ দিতে পারেন এবং CPSE-এর সাথে একযোগে একটি টিম হিসেবে আপনার সন্তান সম্পর্কিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে কাজ করতে পারেন, সেজন্য পিতামাতা হিসেবে CPSE সভায় আপনার অংশগ্রহণ খুব গুরুত্বপূর্ণ।

প্রারম্ভিক CPSE সভা অনুষ্ঠিত হবে আপনার সন্তানের মূল্যায়নের সম্মতি দিয়ে ফরম-এ সই দেওয়ার 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে। আপনাকে CPSE সভায় আমন্ত্রণ জানিয়ে সভার তারিখের অন্ততঃ পাঁচদিন আগে সময়, তারিখ ও সভার স্থান ইত্যাদি তথ্য উল্লেখ করে একটি লিখিত চিঠি দেওয়া হবে। আপনি যদি সে সভায় উপস্থিত হতে অপারগ হন, তাহলে আপনাকে তারিখ পরিবর্তনের জন্য CPSE-এর সাথে যোগাযোগ করতে হবে।

টিম CPSE সভায় মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করবে, আপনার সন্তান সম্পর্কে তথ্য জানবে ও বিনিময় করবে, এবং আপনার সন্তান প্রি স্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কি না, তা নির্ধারণ করবে। যোগ্যতার মানদণ্ড সম্পর্কে অধিক তথ্যের জন্য পৃষ্ঠা 15 দেখুন।

যদি উপযুক্ত বলে প্রমাণিত হয় তাহলে CPSE একটি ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) প্রণয়ন করবে। IEP সম্পর্কে 18 পৃষ্ঠায় আরও জানুন। আপনার CPSE সকল IEP-তে উল্লিখিত সকল সার্ভিস ও প্রোগ্রামের ব্যবস্থা করবে আপনার কাছ থেকে কোন মূল্য আদায় করা ছাড়া।



আপনার সন্তানকে প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থী হিসেবে সনাক্ত করার পর আপনার সন্তানের IEP অতিরিক্ত CPSE সভাগুলোতে বছরে কমপক্ষে একবার পর্যালোচনা করা হবে। এগুলোকে বলা হয় "বার্ষিক পর্যালোচনা"। বার্ষিক পর্যালোচনা সম্পর্কে অধিক তথ্যের জন্য পৃষ্ঠা 19 দেখুন। তদুপরি, আপনার সন্তানকে পুনর্মূল্যায়নের জন্যও পাঠানো হতে পারে। পুনর্মূল্যায়ন সম্পর্কে অধিক তথ্যের জন্য পৃষ্ঠা 20 দেখুন।

CPSE-সভার প্রস্তুতি বিষয়ে নিচের অংশগুলোতে সবিস্তার ব্যাখ্যা করা আছে।

## CPSE মিটিং-এর জন্য প্রস্তুতি

CPSE সভার পূর্বে প্রস্তুত ও কার্যকর অংশগ্রহণের জন্য আপনি নিম্নলিখিত পদক্ষেপগুলোর কোন কোনটি গ্রহণ করতে পারেন:

- মূল্যায়নের ফলাফল পর্যালোচনা অনুমোদিত মূল্যায়ন সাইট আপনার কাছে মূল্যায়ন ও মূল্যায়নের সারসংক্ষেপ প্রেরণ করবে এবং CPSE সভার পূর্বে মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করতে পারে। মূল্যায়নের কোন্ অংশ সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং কোন্ অংশ সম্পর্কে আপনার প্রশ্ন আছে বলে আপনি মনে করেন, সেটা বিবেচনা করুন।
- আপনার সন্তানকে যারা জানেন, আপনার সন্তানের চাহিদা সম্পর্কে যারা গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে সহায়তা করতে পারবেন, যেমন শিক্ষক, পরিষেবা প্রদানকারী বা চিকিৎসক, তাদের কাছ থেকে তথ্য ও নথি সংগ্রহ করুন।
- প্রিস্কুলের ছেলেমেয়েদের মানদণ্ড সম্পর্কে লভ্য তথ্য পর্যালোচনা করুন 15 নং পৃষ্ঠায়।
- আপনার সন্তান কোথায় ভালো ও কোথায় দুর্বল, এবং তা কীভাবে তার প্রাতিষ্ঠানিক, সামাজিক, আবেগগত ও শারীরিক বৃদ্ধিকে প্রভাবিত করছে, তা নিয়ে কথা বলতে প্রস্তুত থাকবেন।
- প্রিস্কুলের ছেলেমেয়েদের যেসব প্রোগ্রাম ও পরিষেবার সুযোগ দেয়া হতে পারে, তা পর্যালোচনা করুন 21 পৃষ্ঠায়। )
- সভায় যাদের উপস্থিত থাকা উচিত, তাদের সম্পর্কে ভাবুন এবং তাদেরকে সঙ্গে আনার কিংবা ফোনে তাদের উপস্থিত রাখার ব্যবস্থা করুন। আপনার সন্তান যদি কোন প্রোগ্রামে থাকে, নিশ্চিত করবেন যে তার শিক্ষক অংশগ্রহণের পরিকল্পনা করছেন।
- ইংরেজি যদি আপনার প্রধান ভাষা না হয়, তাহলে অন্ততঃ 72 ঘন্টা আগে CPSE-কে একজন দোভাষীর ব্যবস্থা করতে অনুরোধ জানান।

## CPSE মিটিং-এর অংশগ্রহণকারীগণ

পিতামাতা হিসেবে আপনারা CPSE টিমের *খুব গুরুত্বপূর্ণ* সদস্য। অন্যান্য অংশগ্রহণকারীদের মধ্যে আছেন:

- প্রারম্ভিক CPSE সভার জন্য এবং সন্তান যদি সাধারণ শিক্ষার শিক্ষার্থী হয়, সেক্ষেত্রে একজন সাধারণ শিক্ষার শিক্ষক;
- একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক বা পরিষেবা প্রদানকারী (প্রযোজ্য হলে);
- একজন ডিস্ট্রিক্ট প্রতিনিধি (CPSE প্রশাসক);
- আপনার সন্তান সম্পর্কে জানেন বা অন্য কোন বিশেষজ্ঞ;
- আপনি অনুরোধ জানালে, আরলি ইন্টারভেনশন (EI) সার্ভিস কোঅর্ডিনেটর; এবং
- একজন বাড়তি পিতামাতা (প্যারেন্ট মেম্বার), যদি আপনি সভার 72 ঘন্টা আগে অনুরোধ জানিয়ে থাকেন। স্কুল ডিস্ট্রিক্টের কোন প্রতিবন্ধী শিক্ষার্থীর পিতামাতা যিনি আইইপি বৈঠকে অংশগ্রহণ করেন এবং অবগত অথবা অনুমিত প্রতিবন্ধিতা আছে এমন শিক্ষার্থীর পিতামাতাকে তার সন্তানের শিক্ষা সম্পর্কিত সিদ্ধান্তগ্রহণে সহায়তা করেন, তিনি হলেন প্যারেন্ট মেম্বার।

**টিম CPSE সভায় মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করবে, আপনার সন্তান সম্পর্কে তথ্য জানবে ও বিনিময় করবে, এবং আপনার সন্তান প্রি স্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কি না, তা নির্ধারণ করবে।**

## CPSE মিটিং-এ আপনার ভূমিকা

CPSE মিটিংয়ে আপনি সেসব সিদ্ধান্তে অংশগ্রহণ করতে পারেন যা আপনার সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিস ও প্রোগ্রামের যোগ্যতা সংক্রান্ত বিষয়ে গ্রহণ করা হয়। আপনি আপনার সন্তানকে সবচেয়ে ভালো জানেন এবং তার সক্ষমতা, আগ্রহ ও চাহিদা সম্পর্কে বলতে পারেন। এবং পিতামাতা হিসেবে আপনার সন্তানকে সবচেয়ে ভালো শিক্ষাদান ও সহায়তা করার উপায় সম্পর্কে ধারণা ও ভাবনা নিয়ে আপনি কথা বলতে পারেন।

CPSE মিটিংয়ে আপনাকে যা করতে হবে:

- আপনার সন্তান সম্পর্কে ধারণা দেওয়া, যেমন কীভাবে আপনার সন্তান শিখে বা তার আগ্রহ কী, ইত্যাদি;
- আপনার সন্তান যা শিখছে, সেগুলো বাড়িতে ব্যবহার করছে কি না, সে ব্যাপারে রিপোর্ট দেওয়া; এবং
- আপনার সন্তান যদি যোগ্য হয়, তাহলে একটি IEP তৈরির জন্য টিম-এর অন্যান্যদের সাথে কাজ করুন।

## CPSE মিটিং-এ জিজ্ঞেস করার জন্য কিছু প্রশ্ন

- IEP-এর লক্ষ্য বাস্তবায়নের পথে আমার সন্তানের অগ্রগতি ও উন্নতিতে বাড়িতে আমি কীভাবে সহায়তা দিতে পারি?
- আমার সন্তান কীভাবে সবচেয়ে ভালো শিক্ষালাভ করে? প্রিস্কুল প্রোগ্রাম কীভাবে আমার সন্তানের সক্ষমতাকে ব্যবহার করার সাথে সাথে তাকে শেখাবে?
- IEP-এর লক্ষ্য বাস্তবায়নের বিষয়ে আমার সন্তানের অগ্রগতি কতো ঘন ঘন তত্ত্বাবধান করা হবে? আমার সন্তানের প্রাতিষ্ঠানিক ও আচরণগত অগ্রগতির সম্পর্কে সজ্ঞাত থাকার জন্য আমার সন্তানের প্রিস্কুল প্রোগ্রামের সাথে সংশ্লিষ্ট থাকার সবচেয়ে সেরা উপায়গুলো কী কী?
- আমার সন্তান IEP-এর লক্ষ্য বাস্তবায়নের পথে অগ্রসর হচ্ছে কি না, আমি কী করে সেটা জানতে পারবো?
- কোন্ সার্ভিস ও সহায়তা আমার সন্তানের চাহিদা সবচেয়ে ভালো পূরণ করতে পারবে? সেগুলোর ব্যবস্থা কীভাবে করা যেতে পারে?
- প্রিস্কুল প্রোগ্রাম কীভাবে আমার সন্তানের শিক্ষণগত ও আচরণগত চাহিদার জন্য ব্যবস্থা গ্রহণ করে বা করতে পারে?

## যোগ্যতা

একজন প্রিস্কুল শিক্ষার্থীকে স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্য বিবেচনা করা হয়, যদি বেড়ে ওঠার এক বা একাধিক ক্ষেত্রে অগ্রগতি অর্জনের গ্রহণযোগ্য মাত্রার সাথে তুলনায় উল্লেখযোগ্য বিলম্ব পরিলক্ষিত হয়।

- জ্ঞানগত (চিন্তা করা ও শেখা);
- ভাষা ও যোগাযোগ (ভাষা বোধগম্যতা ও ব্যবহার);
- অভিযোজনগত (আত্মনির্ভরশীলতা দক্ষতা, যেমন টয়লেট ব্যবহার, আহার ও পোশাক পরিধান করা);
- সামাজিক-মানসিক (অন্যান্য শিক্ষার্থীদের সাথে মেলামেশা ও অনুভূতি প্রকাশ করা, ইত্যাদি আচরণ); এবং/অথবা
- পেশী সঞ্চালন (শারীরিক বৃদ্ধি, যার অন্তর্ভুক্ত আছে দৃষ্টি, শ্রবণ এবং চলাফেরা ইত্যাদিতে বিলম্ব বা বৈকল্য)।

এছাড়াও কোন প্রিস্কুল শিক্ষার্থীকে স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য বিবেচনা করা হবে যদি সে:

- নিম্নলিখিত প্রতিবন্ধিতাগুলোর মানদণ্ডের কোনটির শর্ত পূরণ করে (নিচে ব্যাখ্যা করা আছে):
  - অটিজম
  - বধিরতা
  - বধিরতা-অন্ধত্ব
  - শ্রুতি বৈকল্য
  - অস্থি বৈকল্য
  - অন্যান্য স্বাস্থ্য বৈকল্য
  - মস্তিষ্কে ট্রমাজনিত জখম
  - দৃষ্টিবৈকল্য

এবং

- আবশ্যিক অনুমোদিত প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস ও প্রোগ্রাম।

সংস্কৃতি ও ভাষা বৈচিত্র্যের উপর ভিত্তি করে কোন ছেলেমেয়ের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্যতা নির্ধারিত হয় না। দক্ষতা ও আচরণ মূল্যায়নের ক্ষেত্রে CPSE এসব ব্যবধানের কথা বিবেচনা করবে।

যদি আপনার সন্তান যোগ্য বিবেচিত হয়, তাহলে IEP-এর তালিকায় তার প্রতিবন্ধিতা **"প্রিস্কুল স্টুডেন্ট উইদ এ ডিসঅ্যাবিলিটি"** হিসেবে শ্রেণিকরণকৃত হবে।

যদি CPSE মূল্যায়নকে পর্যালোচনা করে এবং নিশ্চিত করে যে আপনার সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্য নয়, তাহলে কেনো আপনার সন্তান যোগ্য বিবেচিত হয়নি, সে তথ্য CPSE আপনাদেরকে জানাবে, এবং কেসটি বন্ধ করে দেওয়া হবে। আপনার সন্তান সার্ভিসের জন্য যোগ্য নয়, CPSE-এর এ সিদ্ধান্তের সাথে আপনি যদি অসম্মত হন, তাহলে আপনি অসম্মত হওয়ার বিষয়টি সমাধানের জন্য আপনার ন্যায়বিচার লাভের অধিকারের প্রক্রিয়া (পৃষ্ঠা নং 28দেখুন) ব্যবহার করতে পারবেন।

অটিজম

বাচিক ও অবাচিক যোগাযোগ এবং সামাজিক আদানপ্রদানে তাৎপর্যপূর্ণ বিঘ্ন ঘটায় এমন একটি বিকাশগত প্রতিবন্ধিতা, সাধারণত ৩ বছর বয়সের আগেই প্রতীয়মান হয়, যা শিক্ষা কর্মসম্পানায় বিরূপ প্রভাব ফেলে। অটিজমের সঙ্গে আরো যেসব বৈশিষ্ট্য প্রায়ই যুক্ত করা হয় সেগুলি হচ্ছে পুনরাবৃত্তিমূলক কর্মকাণ্ড, একই গতানুগতিক চলাফেরা, পরিবেশ পরিবর্তনে অথবা প্রাত্যহিক রুটিন পরিবর্তনে আপত্তি, ইন্দ্রিয়জ অভিজ্ঞতায় অস্বাভাবিক প্রতিক্রিয়া দেখানো।



যদি মূলত শিক্ষার্থীর আবেগজনিত সমস্যার কারণে শিক্ষার্থীর শিক্ষা কর্মসম্পাদনায় বিরূপ ফল হয়ে থাকে তাহলে পরিভাষাটি প্রযোজ্য নয়।

বধিরতা

শিক্ষার্থী এমন তীব্র শ্রুতি সমস্যাক্রান্ত যে অ্যাম্প্লিফিকেশন থাক বা না থাক শ্রুতিমাধ্যমে সে ভাষাতাত্ত্বিক তথ্য প্রক্রিয়াকরণ করতে পারে না যা তার শিক্ষা কর্মসম্পাদনায় বিরূপ প্রভাব রাখে।

বধিরতা-অন্ধত্ব

শ্রুতি ও দৃষ্টি উভয় সমস্যাযুক্ত শিক্ষার্থী, যার সমন্বয়ে যোগাযোগ ও অন্যান্য উন্নয়ন এবং শিক্ষাগত প্রয়োজনে গুরুতর ব্যাঘাত সৃষ্টি হয় যা শুধুমাত্র বধির ও অন্ধ শিক্ষার্থীদের জন্য নির্ধারিত বিশেষ শিক্ষা কর্মসূচিগুলো দিয়ে পূরণ করা যাবে না।

শ্রুতি বৈকল্য

শ্রুতি বৈকল্য স্থায়ী বা পরিবর্তনশীল যাই হোক না কেন, যা শিক্ষার্থীর শিক্ষাগত কর্মসম্পাদনায় বিরূপ প্রভাব ফেলে কিন্তু যা এই অংশে বধিরতা সংজ্ঞার আওতায় অন্তর্ভুক্ত করা হয়নি।

অস্থি বৈকল্য

একটি মারাত্মক অস্থি বৈকল্য যা শিক্ষার্থীর শিক্ষা কর্মসম্পাদনায় বিরূপ প্রভাব ফেলে। পরিভাষাটি জন্মগত অসঙ্গতি (যেমন বাঁকা পা, কোনো অংশের অনুপস্থিতি), ব্যাধিজনিত বৈকল্য (যেমন পলিমাইলিটিস, হাড়ে যক্ষ্মা), অন্যান্য কারণজনিত বৈকল্য (যেমন মস্তিষ্কে পক্ষাঘাত, অঙ্গচ্ছেদ ও ভাঙা বা পোড়া যা থেকে খিঁচ ধরে) অন্তর্ভুক্ত করে।

অন্যান্য স্বাস্থ্য বৈকল্য

পরিবেশগত উদ্দীপনার ক্ষেত্রে চরম সতর্কতা যা শিক্ষাগত পরিবেশের ক্ষেত্রে সীমিত সতর্কতা সৃষ্টি করে এমন সমস্যাসহ সীমিত শক্তি, জীবনীশক্তি বা সতর্কতা সমস্যাপীড়িত শিক্ষার্থী, যা হার্টের সমস্যা, যক্ষ্মা, রিউমাটিক ফিভার, নেফ্রাইটিস, অ্যাজমা, সিকল সেল অ্যানিমিয়া, হেমোফিলায়া, এপিলেপসি, লেড পয়জনিং, লিউকোমিয়া, ডায়াবেটিস, অ্যাটেনশন ডিজঅর্ডার বা ডেফিসিট হাইপারঅ্যাকটিভিটি ডিজঅর্ডার, অথবা তুরেত সিনড্রোমজনিত ক্রনিক বা মারাত্মক স্বাস্থ্য সমস্যা থেকে উদ্ভব হয়েছে, তবে কেবল এতেই সীমিত নয়, যা শিক্ষার্থীর শিক্ষা কর্মসম্পাদনায় বিরূপ প্রভাব ফেলে থাকে।



<u>মস্তিষ্কে ট্রমাজনিত জখম</u>

এমন শিক্ষার্থী যার মস্তিষ্কে বাহ্যিক দৈহিক শক্তি প্রয়োগ বা কোনো চিকিৎসাগত অবস্থা যেমন স্ট্রোক, এনসেফেলাইটিস, অ্যানিউরিজম এবং অনোক্সিয়া বা মস্তিষ্কে টিউমারজনিত বৈকল্যের কারণে জখম সৃষ্টি হয়েছে যা শিক্ষার্থীর শিক্ষা কর্মসম্পাদনায় বিরূপ প্রভাব ফেলে থাকে। পরিভাষাটির অন্তর্গত নির্দিষ্ট কিছু চিকিৎসাগত অবস্থা থেকে মাথায় খোলা অথবা আখোলা জখম অথবা মস্তিষ্কে জখমের কারণে এক বা একাধিক অঞ্চলে হালকা, মধ্যম বা মারাত্মক বৈকল্য, যার মধ্যে রয়েছে বোধি, ভাষা, স্মৃতি, মনোযোগ, যুক্তিপ্রয়োগ, বিমূর্ত চিন্তন, বিচারবুদ্ধি, সমস্যাসমাধান, সংবেদনজ, প্রত্যক্ষজ বা সঞ্চালন সামর্থ্য, মনস্তাত্ত্বিক আচরণ, শারীরিক ক্রিয়া, তথ্য প্রক্রিয়াকরণ এবং বাচন। পরিভাষাটি জন্মগত বা জন্মের সময় ট্রমাজনিত জখন অন্তর্ভুক্ত করে না।

<u>দৃষ্টি বৈকল্য</u>

অন্ধত্বসহ দৃষ্টি বৈকল্য যা, চিকিৎসাসত্ত্বেও, শিক্ষার্থীর শিক্ষা কর্মসম্পাদনায় বিরূপ প্রতিক্রিয়া ফেলে থাকে। এই পরিভাষা আংশিক দৃষ্টিক্ষমতা ও অন্ধত্ব উভয়ই অন্তর্ভুক্ত করে।

## ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)

আপনার সন্তান যদি যোগ্যতার শর্তসমূহ (পৃষ্ঠা নং 15-এর শুরুতে পাওয়া যাবে) পূরণ করে, তাহলে একটি ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) তৈরি করার জন্য টিম একটি CPSE সভায় আপনার সাথে কাজ করবে।

IEP কোন ছেলেমেয়ের সক্ষমতা ও চাহিদার কথা এবং কীভাবে তাদের চাহিদা পূরণ হতে পারে, সেসব ব্যাখ্যা করে। এটি আপনার সন্তানের চলমান দক্ষতা ও সক্ষমতার প্রমাণ দেবে, শিক্ষা ও বেড়ে ওঠা সংক্রান্ত লক্ষ্য প্রতিষ্ঠা করবে, এবং কোন্ স্পেশাল এডুকেশন সহায়তা ও পরিষেবা তার জন্য যথোপযুক্ত হবে, সেটা নিশ্চিত করবে।

IEP নিম্নোল্লিখিত বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করবে:

- **কর্মসম্পাদনার বর্তমান স্তরসমূহ;** আপনার সন্তান কীভাবে বর্তমানে বেড়ে উঠছে, তার প্রতিবন্ধিতা কীভাবে তার বয়সোপযোগী কার্যসম্পাদনায় অংশগ্রহণকে প্রভাবিত করছে, এবং (যদি প্রযোজ্য হয়) সে কীভাবে স্কুলে কার্যসম্পাদনা করছে, এই তথ্যে তার ব্যাখ্যা প্রদান করে। তথ্য পাওয়া যেতে পারে মূল্যায়নের অনুসন্ধান ও ফলাফল, প্রামাণ্য মূল্যায়ন (যেমন ক্লাসরুমের কাজের নমুনা, তত্ত্বাবধানকারী, ভিডিও বা আলোকচিত্র), আপনার সন্তানকে পর্যবেক্ষণ, এবং পিতামাতা, তত্ত্বাবধানকারী, শিক্ষক, সার্ভিসএবং অন্যান্য স্কুল স্টাফের কাছ থেকে।
- **পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্য:** CPSE টিম লক্ষ্যসমূহ স্থির করবে যা শিক্ষার্থীর চাহিদা পূরণ ও তাকে সাধারণ পাঠক্রমে অগ্রগতি অর্জনে সহায়তা দেওয়ার উদ্দেশ্যে তৈরি করা হয়। লক্ষ্যসমূহ এমনভাবে তৈরি করা হবে যাতে আপনার সন্তানের যুক্তিসঙ্গত প্রত্যাশিত অগ্রগতি যেমন হওয়া উচিৎ, সেটার প্রতিফলন করে। লক্ষ্যসমূহ প্রাতিষ্ঠানিক, সামাজিক ও আচরণগত সমস্যার প্রতি নিবিষ্ট, শারীরিক সমস্যা সংক্রান্ত, কিংবা অন্য কোন শিক্ষাগত চাহিদা বিষয়ক হতে পারে। আপনার সন্তান যেহেতু প্রিস্কুলের শিক্ষার্থী, প্রতিটি বার্ষিক লক্ষ্যে থাকবে স্বল্পমেয়াদী লক্ষ্য বা ধাপসমূহ, এটি ছেলেমেয়েদের জন্য তাৎক্ষণিক পরিমাপযোগ্য পদক্ষেপ, যা তাদের বর্তমান কার্যসম্পাদনার স্তর থেকে তার বার্ষিক লক্ষ্য অর্জনে এগিয়ে নিয়ে যাবে। টিম যাতে আপনার সন্তনের চাহিদা বুঝতে ও সক্রিয়ভাবে লক্ষ্যসমূহ স্থির করতে পারে, সেজন্য টিমের পিতামাতা সদস্য হিসেবে টিমের কাছে সন্তান সম্পর্কিত তথ্য প্রদান করে আপনি সহযোগিতা করবেন।
- **সুপারিশকৃত বিশেষ শিক্ষা কর্মসূচি এবং পরিসেবা** আপনার সন্তানকে যে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম, রিলেটেড সার্ভিস, সম্পূরক সহায়তা ও সার্ভিস এবং সহায়ক প্রযুক্তিগত উপকরণ প্রদান করা হবে, IEP-তে তার তালিকা থাকবে। আপনার সন্তান বিশেষ যাতায়াত সুবিধা ও দীর্ঘায়িত স্কুল বছরের সার্ভিস (জুলাই ও অগাস্ট মাসে) লাভ করবে কি-না, এই অংশে তা উল্লেখ থাকবে। প্রোগ্রাম ও সার্ভিস সম্পর্কে আরও জানতে পৃষ্ঠা 21 দেখুন।
- **বিশেষ সুবিধার ব্যবস্থা ও অভিযোজন:** বিশেষ সুবিধার ব্যবস্থা ও অভিযোজন হচ্ছে এমন ধরনের সামঞ্জস্যবিধান যা পরিবেশ, পাঠক্রম, শিক্ষানির্দেশনা বা মূল্যায়নের ক্ষেত্রে প্রয়োগ করা হয়, এগুলো প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে তাদের প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সাথে সমানভাবে ক্লাসরুমে অংশগ্রহণে সক্ষমতা দেয়। উদাহরণের মধ্যে আছে দৃশ্যমান উপকরণ যুক্ত করা (চার্ট, ছবি, বর্ণসংকেত) বা উত্তরণের জন্য সহায়তা প্রদান করা (শিক্ষানির্দেশনা ও অনুশীলন, দৃশ্যমান ও উচ্চারিত উপকরণ, উপাদানগুলোর শৃঙ্খলাবিধান, সঙ্গীত)।

CPSE আপনার সন্তানের IEP-এর কপি প্রদান করবে। এছাড়াও আপনাকে নোটিস অভ রিকমেন্ডেশন (সুপারিশের চিঠি) প্রদান করবে যাতে আপনার সন্তানের IEP-তে সুপারিশকৃত সার্ভিস ও প্রোগ্রামের কথা লিখিতভাবে দেওয়া থাকবে।

**আপনার সন্তান যদি যোগ্যতার শর্তসমূহ (পৃষ্ঠা নং 15-এ পাওয়া যাবে) পূরণ করে, তাহলে একটি ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) তৈরি করার জন্য টিম একটি CPSE সভায় আপনার সাথে কাজ করবে।**



## বার্ষিক ও অনুরোধকৃত CPSE পর্যালোচনা মিটিং

আপনার সন্তানের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকালে তার IEP বছরে কমপক্ষে একবার পর্যালোচনা করা হবে। এটাকে বলা হয় "বার্ষিক পর্যালোচনা"। বার্ষিক পর্যালোচনার জন্য আপনার CPSE প্রশাসক আপনার সাথে যোগাযোগ করবেন। মিটিংয়ে টিম আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করবে এবং আপনার সন্তানের প্রোগ্রাম ও সার্ভিস অব্যাহত রাখা, সংশোধন করা, বা রদ করা হবে কি না, সেটা নির্ধারণ করবে। যদি CPSE নির্ধারণ করে যে আপনার সন্তান আর স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য যোগ্য নয়, তাহলে তারা আপনার সন্তানকে "ডিক্লাসিফাই" করা হবে। অনুগ্রহ করে ডিক্লাসিফিকেশন অংশটি 26 নং পৃষ্ঠায় দেখুন।

বার্ষিক পর্যালোচনার উদ্দেশ্য:

- চলমান স্কুল বছরে কোন্ লক্ষ্যগুলো অর্জিত হয়েছে, সেটা নিশ্চিত হওয়ার জন্য IEP-পির সকল দিকগুলো পর্যালোচনা করুন;
- আপনার সন্তানের শিক্ষাগত চাহিদা সম্পর্কিত নতুন তথ্য বিবেচনা করুন; এবং
- যদি শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সহায়তা অব্যাহত রাখার প্রয়োজন হয়, তাহলে একটি নতুন আইপি লিখতে হবে যা LRE-তে অধিকতর অন্তর্ভুক্তিতে প্রস্তুতির কথা বিবেচনা করবে এবং আসন্ন স্কুল বছরে প্রোগ্রামের সকল দিক বর্ণনা করবে।

বার্ষিক পর্যালোচনার ছাড়াও অতিরিক্ত একটি CPSE মিটিংয়ের জন্য আপনি অনুরোধ জানাতে পারেন। এটাকে বলা হয় "অনুরোধকৃত পর্যালোচনা"। আপনি যদি অনুভব করেন যে, আপনার সন্তান উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে এবং কিছু বা সকল স্পেশাল এডুকেশন সার্ভিসের আর প্রয়োজন নেই বা তার সংশোধন প্রয়োজন, তাহলে আপনি বাড়তি CPSE মিটিংয়ের অনুরোধ জানাতে চাইতে পারেন। এছাড়াও আপনি যদি অনুভব করেন যে, চলমান সার্ভিস নিয়ে আপনার সন্তান যথাযথ অগ্রগতি অর্জন করছে না, তাহলে আপনি বাড়তি CPSE মিটিংয়ের অনুরোধ জানাতে পারেন। একটি বাড়তি CPSE মিটিংয়ের অনুরোধ জানাতে হলে আপনাকে একটি CPSE-এর কাছে বাড়তি CPSE মিটিং অনুরোধের কারণ ব্যাখ্যা করে একটি চিঠি লিখতে হবে। আপনি যদি CPSE মিটিংয়ের অনুরোধ জানান, তাহলে CPSE-কে নতুন বা বাড়তি কাগজপত্র বা বেসরকারি মূল্যায়ন প্রদান করতে হবে, যা CPSE মিটিংয়ে বিবেচিত হোক বলে আপনি চান।

IEP-এর লক্ষ্য হবে সীমিত নিয়ন্ত্রিত পরিবেশ (LRE) প্রদান করা যা আপনার সন্তানের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ। এর অর্থ হলো আপনার সন্তান তার প্রোগ্রাম ও সার্ভিস সর্বোচ্চ সম্ভব উপযুক্ত অপ্রতিবন্ধী সহপাঠীদের অন্তর্ভুক্ত করে, এমন একটি কাঠামোয় লাভ করবে। আপনার সন্তানের চাহিদা একটি সাধারণ শিক্ষা কাঠামোয় পূরণ হতে পারে কি না, টিম প্রথমেই সেটা বিবেচনা করবে। অন্যান্য কাঠামো, যেমন একটি সমন্বিত কাঠামোয় স্পেশাল ক্লাসে বা স্পেশাল ক্লাসের কথা শুধু তখনি বিবেচনা করা হবে, যখন আপনার সন্তান, সহায়তা ও সার্ভিসের সহায়তা নিয়েও যখন একটি সাধারণ শিক্ষার ক্লাসে পর্যাপ্ত অগ্রগতি অর্জন করতে সক্ষম হতে পারবে না, তখন। রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিসেবা) ও সুপারিশকৃত প্যারাপ্রফেশন্যাল সার্ভিসের সহায়তার গুরুত্বের কথাও LRE বিবেচনা করে।

বার্ষিক বা অনুরোধকৃত পর্যালোচনা CPSE মিটিংয়ে টিমের সাথে অংশগ্রহণের পর CPSE প্রশাসক আপনাকে IEP প্রদান করবেন এবং আপনাকে লিখিতভাবে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন সার্ভিসের ব্যাপারে অবহিত করবেন।

## পুনর্মূল্যায়ন

আপনার সন্তানকে প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থী হিসেবে চিহ্নিত করার পর আপনি যে কোন সময় পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারবেন। এটাকে "পুনর্মূল্যায়ন" বলা হয়। যেহেতু আপনি ও CPSE উভয়ে যদি লিখিতভাবে সম্মত না থাকেন, তাহলে বছরে একের বেশি CPSE মিটিং হয় না, CPSE সেহেতু একটি পুনর্মূল্যায়নের ব্যবস্থা করবে। পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে হলে আপনাকে আপনি কেনো আপনার সন্তানের জন্য নতুন মূল্যায়ন চাইছেন, সেটা ব্যাখ্যা করে CPSE প্রশাসকেরর কাছে একটি চিঠি দিতে হবে।

CPSE যথাযথ পুনর্মূল্যায়নের ব্যবস্থা করবে।

- যদি CPSE আপনার সন্তানের শিক্ষাগত ও দৈনন্দিন আবশ্যিক চাহিদার ব্যাপারে নিশ্চিত হয়, তাহলে পুনর্মূল্যায়নের ব্যবস্থা করবে; কিংবা
- যখনি CPSE আপনার সন্তানের ডিক্লাসিফাই করার কথা বিবেচনা করবে। ডিক্লাসিফিকেশন সম্পর্কে অধিক তথ্যের জন্য পৃষ্ঠা 26 দেখুন।

পূনর্মূল্যায়নের পূর্বে CPSE প্রশাসক আপনার মতামত সাপেক্ষে আপনার সম্পর্কিত চলমান উপাত্ত পর্যালোচনা করবে, এবং নতুন কী মূল্যায়ন করা হবে, তা নির্ধারণ করে। CPSE প্রশাসক আপনাকে মূল্যায়নের লিখিত নোটিস দিবেন এবং আপনার সন্তানকে মূল্যায়নের জন্য লিখিত সজ্ঞাত সম্মতি দিতে অনুরোধ জানাবেন। আপনি মূল্যায়নের জন্য আপনার সম্মতি দেওয়ার পর আপনাকে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের অনুমোদিত প্রোভাইডারদের তালিকা থেকে একটি মূল্যায়নের সাইট বেছে নিতে হবে, যারা CPSE প্রশাসকদের সুপারিশকৃত মূল্যায়ন পরিচালনা করবে।

পুনর্মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর CPSE প্রশাসক পুনর্মূল্যায়নের ফলাফল নিয়ে আলোচনা ও একটি নতুন IEP তৈরির জন্য আপনার সাথে একটি সভার সময়সূচি স্থির করবেন। পুনর্মূল্যায়নের CPSE মিটিংয়ের পর CPSE প্রশাসক আপনাকে IEP প্রদান করবেন এবং আপনাকে লিখিতভাবে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন সার্ভিসের ব্যাপারে অবহিত করবেন। পুনর্মূল্যায়নের অনুরোধ জানানর 60 দিনের মধ্যে CPSE এই সভা আয়োজন করবে এবং IEP-তে যেসব প্রোগ্রাম ও সার্ভিসের কথা বলা আছে, সেগুলোর ব্যবস্থা করবে।

**আপনার সন্তানের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকালে তার IEP বছরে কমপক্ষে একবার পর্যালোচনা করা হবে। এটাকে বলা হয় "বার্ষিক পর্যালোচনা"।**




## 4. পরিসেবাসমূহ

### উপরিচিত্র

ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) আছে, এমন প্রিস্কুল শিক্ষার্থীদের সহায়তার জন্য কিছু শিক্ষা ও রিলেটেড সার্ভিসের ব্যবস্থা রয়েছে। প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস স্বল্প নিয়ন্ত্রিত থেকে অধিকতর নিয়ন্ত্রিত পর্যন্ত বিস্তৃত। স্বল্প নিয়ন্ত্রিত কর্মসূচি শিক্ষার্থীদেরকে IEP নেই, এমন শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষালাভের সুযোগ দেয়। অধিক নিয়ন্ত্রণযুক্ত কর্মসূচি সেসব শিক্ষার্থীদের জন্য পাওয়া যায় যাদের অধিক বিশেষায়িত সহায়তা ও পরিষেবা প্রয়োজন। কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE) সব সময় আপনার সন্তানের স্বল্প নিয়ন্ত্রিত পরিবেশ (LRE)-এর কথা বিবেচনা করবে। LRE সম্পর্কে আর ও পড়তে হলে 20 নং পৃষ্ঠার বক্স-এ দেখুন।

| প্রোগ্রাম ও সার্ভিস | বর্ণনা |
|---|---|
| রিলেটেড সার্ভিস | রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা)-এর অন্তর্ভুক্ত আছে ফিজিক্যাল থেরাপি, অকুপেশন্যাল থেরাপি, স্পিচ/ভাষাগত থেরাপি, কাউন্সেলিং, স্থান পরিচিতি ও চলাচল সহায়তা পরিষেবা, শ্রুতি ও স্বাস্থ্য পরিষেবা। রিলেটেড সার্ভিস প্রাতিষ্ঠানিক লক্ষ্যের ব্যাপারে সহায়তা করে। |
| স্পেশাল এডুকেশন আইটিনারেন্ট টিচার (এসইআইটি) | SEIT হলেন একজন স্পেশাল এডুকেশন শিক্ষক যিনি একজন শিক্ষার্থীর সাথে প্রাতিষ্ঠানিক, আবেগজনিত ও সামাজিক দক্ষতা নিয়ে ঘনিষ্টভাবে কাজ করেন। এ সার্ভিস আপনার সন্তানের নিয়মিত আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে, আপনার নির্দেশিত অন্য কোন চাইল্ডকেয়ার প্রদানকারীর ঠিকানায়, কিংবা কোন কোন পরিস্থিতিতে আপনার পারিবারিক বাসস্থানে ক্ষুদ্র গ্রুপে বা ওয়ান-অন-ওয়ান প্রদান করা হতে পারে। |
| একটি সমন্বিত কাঠামোতে স্পেশাল ক্লাস (অর্ধ বা পূর্ণ দিবস) SCIS) | এটি একটি ক্লাসরুম যেখানে IEP আছে এবং নেই, এমন শিক্ষার্থীরা একত্রে শিক্ষালাভ করে। SCIS ক্লাসে অন্তর্ভুক্ত থাকেন একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল। সকল স্টাফ সহযোগিতামূলকভাবে পুরো দিনব্যাপী কাজ করেন যাতে IEP আছে যেসব শিক্ষার্থীদের, তাদের শিক্ষানির্দেশনা অভিযোজন ও পরিবর্তন করা যায় এবং নিশ্চিত করা যায় যে পুরো ক্লাস সাধারণ শিক্ষা পাঠক্রমে অংশগ্রহণ করতে পারে। |
| স্পেশাল ক্লাস<br>অর্ধ এবং পূর্ণ দিবস) | এটি একটি ক্লাসরুম যা শুধু IEP-যুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দেয়, যাদের চাহিদা একটি সাধারণ শিক্ষার কাঠামোয় বা SCIS ক্লাসরুমে পূরণ করা সম্ভব নয়। কোন স্পেশাল ক্লাসের শিক্ষার্থীদের অনুরূপ স্তরের প্রাতিষ্ঠানিক ও শিক্ষণ বৈশিষ্ট, শারীরিক বিকাশ এবং/অথবা দৈনন্দিন চাহিদা থাকে। স্পেশাল ক্লাসগুলোর নেতৃত্ব দেন স্পেশাল এডুকেশন শিক্ষক এবং সাধারণত এক বা একাধিক প্যারাপ্রফেশন্যাল থাকেন। স্পেশাল ক্লাসে সাধারণত 6-12 জন শিক্ষার্থী থাকে। |
| আবাসিক ব্যবস্থা | আবাসিক ব্যবস্থা স্টেট-অনুমোদিত প্রতিদিন কমপক্ষে পাঁচ ঘন্টা করে সপ্তাহে পাঁচ দিনের পরিষেবা একটি স্পেশাল এডুকেশন প্রোগ্রাম যা প্রদান করা হয় এমন একটি সাইটে যেখানে ছেলেমেয়েরা দিনে 24 ঘন্টাব্যাপী পরিচর্যা পেতে পারে। এই প্রোগ্রাম সেসব ছেলেমেয়েদের জন্য যাদের 24 ঘন্টা মনোযোগ আবশ্যক। |

## বাড়তি সহায়তা ও পরিসেবা

নিচে ব্যাখ্যা করা প্রোগ্রাম ছাড়াও IEP-তে সুপারিশ করা হতে পারে, সেরকম কিছুসংখ্যক অন্যান্য সহায়তা ও পরিষেবা রয়েছে।

একজন **প্যারাপ্রফেশন্যাল** হলেন IEP আছে এমন শিক্ষার্থীদের জন্য ওয়ান-অন-ওয়ান বা ক্ষুদ্র গ্রুপে সহায়তা প্রদানকারী ব্যক্তি। প্যারাপ্রফেশন্যালগণ কোন শিক্ষার্থীর আচরণগত ও স্বাস্থ্যগত চাহিদাসহ দৈনন্দিন জীবনের চাহিদা পূরণে সহায়তা করেন।

**অ্যাসিসটিভ টেকনলজি (AT) ডিভাইস** হচ্ছে এমন এক ধরনের সরঞ্জাম, জিনিস বা ব্যবস্থা যা প্রতিবন্ধিতাযুক্ত একজন শিশুর ক্রিয়া সামর্থ্য বাড়ানো, বজায় রাখা বা উন্নত করার জন্য ব্যবহার করা হয় (যেমন কম্যুনিকেশন ডিভাইস, এফএম ইউনিট, কম্প্যুটার অ্যাকসেস)। যদি CPSE বুঝতে পারে যে আপনার সন্তানের অ্যাসিসটিভ টেকনলজি ডিভাইস প্রয়োজন, তাহলে সেটা তার IEP-তে তালিকাভুক্ত থাকবে। অ্যাসিসটিভ টেকনলজি সম্পর্কে আরও জানতে হলে https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/assistive-technology ওয়েবসাইট দেখুন।

ইংরেজিভিন্ন অন্য ভাষায় কথা বলে, এমন কিছু কিছু ছেলেমেয়েদের জন্য **বাইলিঙ্গুয়াল সার্ভিস** পাওয়া যাবে। যদি কোন ছেলেমেয়ের জন্য স্পেশাল ক্লাস সুপারিশ করা হয়, তাহলে IEP-তে ছেলেমেয়ের বাইলিঙ্গুয়াল ক্লাস আবশ্যক বলে বর্ণিত হতে পারে। কিংবা, যদি কোন ছেলেমেয়ের জন্য স্পিচ থেরাপি সুপারিশ করা হয়, তাহলে IEP-তে বাইলিঙ্গুয়াল পরিষেবা প্রদানকারীর কাছ থেকে ছেলেমেয়ের স্পিচ থেরাপি গ্রহণ আবশ্যক বলে বর্ণিত হতে পারে।

যদি আপনার সন্তানের IEP একটি স্পেশাল ক্লাস বা একটি সমন্বিত কাঠামোয় একটি স্পেশাল ক্লাস সুপারিশ করে, তাহলে তার জন্য **ট্রান্সপোর্টেশন** (যাতায়াত) সুবিধার ব্যবস্থা থাকতে পারে। তাহলে আপনার সন্তানের CPSE ও স্কুল ট্রান্সপোর্টেশনের ব্যবস্থা করবে।

আপনার সন্তানের IEP যদি SEIT এবং/অথবা রিলেটেড সার্ভিস সুপারিশ করে, এবং সেসব সার্ভিস আপনার সন্তানের প্রিস্কুল, চাইল্ডকেয়ার প্রোগ্রাম, বা বাড়িতে প্রদান করা হয়, তাহলে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) ট্রান্সপোর্টেশনের ব্যবস্থা করবে না। প্রিস্কুল সার্ভিসের জন্য ট্রান্সপোর্টেশন ব্যয় পরিশোধ সম্পর্কিত আরও তথ্যের জন্য https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/related-services ওয়েবসাইট দেখুন এবং স্ক্রল করে পেজ-এর নিচে চলে দেখুন।

প্রিস্কুলের যেসব ছেলেমেয়েদের আচরণ তাদের শিক্ষায় প্রতিবন্ধক, তাদের সহায়তার জন্য **আচরণগত সহায়তা** পাওয়া যায়। উদাহরণস্বরূপ, আপনার সন্তান হয়তো এমন আচরণ করছে যার জন্য তার নিজের কিংবা অন্যদের বিপদের ঝুঁকি আছে। এসব আচরণ হয়তো তাদের প্রতিবন্ধিতার কারণে কিংবা বিলম্বিত সামাজিক ও মানসিক বিকাশের কারণে হয়। ছেলেমেয়েরা তাদের IEP নির্দেশিত আচরণগত সহায়তা লাভ করতে পারে যা তাদেরকে একটি ক্লাসরুম কাঠামোয় নিরাপদে ও ফলপ্রসূভাবে অংশগ্রহণের সুযোগ দেবে।

যখন কোন ছেলেমেয়ের আচরণ তার শিক্ষায় ব্যাঘাত ঘটায়, তখন কেন সে এমন আচরণে নিযুক্ত হয় এবং সে আচরণটি কীভাবে তার পরিবেশের সাথে সম্পর্কযুক্ত হয়, সেটা সনাক্ত করার জন্য মূল্যায়নকারী এজেন্সিকে একটি ফাংশন্যাল বিহেভিয়রাল অ্যাসেসমেন্ট (ক্রিয়ামূলক আচরণগত মূল্যায়ন, FBA) পরিচালনা করতে হয়। আপনার সন্তানের আচরণ সম্পর্কে যদি আপনার কোন উদ্বেগ থাকে, তাহলে আপনাকে সেটা CPSE-এর কাছে দেওয়া রেফারাল লেটারে (page 7) উল্লেখ করতে হবে এবং আপনি যখন মূল্যায়নকারী এজেন্সির সাথে সাক্ষাত করবেন, তখন এজেন্সিকে একটি FBA পরিচালনার জন্য আপনাকে বলতে হবে। CPSE সভায় FBA-কে একটি বিহেভিয়ার ইন্টারভেনশন প্ল্যান (আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা, BIP) তৈরিতে ব্যবহার করতে পারবে। ছেলেমেয়ের সমস্যা সৃষ্টিকারী আচরণকে অধিকতর উপযুক্ত আচরণে পরিবর্তন করতে সহায়তার জন্য যেসব কৌশল ব্যবহার করা হবে, BIP তার ব্যাখ্যা করে।

BIP ছাড়াও উপরে আলোচিত বহু প্রোগ্রাম ও সার্ভিস আচরণগত সমস্যায় সহায়তা করতে পারে।

**দীর্ঘায়িত স্কুল বছর সার্ভিস** সুপারিশ করা হয় কিছু কিছু শিক্ষার্থীদের ক্ষেত্রে যাদের জুলাই এবং অগাস্টে সার্ভিসের প্রয়োজন হয় যাতে তাদের বিকাশের ক্ষেত্রে উল্লেখযোগ্য পশ্চাদপসরণ রোধ করা যায়। যদি স্কুল বছরের শুরুতে কোন ছেলেমেয়ের IEP-এর লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ পুনঃপ্রতিষ্ঠা করতে অযৌক্তিক পরিমাণ সময় প্রয়োজন হয় যা সে পূর্ববর্তী স্কুল বছরের

শেষে আয়ত্ত করেছিল, তাহলে সে ছেলেমেয়ে "উল্লেখযোগ্য পশ্চাদপসরণ" মোকাবেলা করবে। যদি আপনার সন্তান যদি দীর্ঘায়িত স্কুল বছরের সার্ভিস লাভ না করে, তাহলে তার উল্লেখযোগ্য পশ্চাদপসরণের আশঙ্কা আছে, এমন নিশ্চিত হলেই শুধু CPSE আপনার সন্তানের IEP-তে এসব সার্ভিস প্রাপ্তি নিশ্চিত করে। এমন হলে CPSE একটি বিবৃতি অন্তর্ভুক্ত করবে যা এ সুপারিশের ব্যাখ্যা দিবে। ছেলেমেয়েদের সম্প্রসারিত বছর পরিষেবা লাভের জন্য অবশ্যই পিতামাতার সম্মতি লাগবে।

## পরিসেবা আয়োজন

IEP তৈরির পর CPSE পিতামাতা হিসেবে আপনাকে সার্ভিস শুরুর জন্য লিখিত অনুমতি প্রদানের অনুরোধ জানাবে। এটাকে বলে সার্ভিসের জন্য "সজ্ঞাত সম্মতি"। যদি পিতামাতা হিসেবে আপনি অনুমোদন প্রদানের অনুরোধে সাড়া না দেন কিংবা আপনি যদি সম্মতি দিতে অস্বীকৃতি জানান, তাহলে CPSE কোন সার্ভিসের আয়োজন করবে না এবং বাড়তি কোন পদক্ষেপ গ্রহণ করা হবে না। আপনি যদি একজন ফস্টার প্যারেন্ট হন, তাহলে বাড়তি নির্দেশনার জন্য 25 নং পৃষ্ঠা দেখুন।

IEP নির্দেশিত সকল প্রোগ্রাম ও সার্ভিসের জন্য DOE দায়বদ্ধ থাকবে। সার্ভিস শুরু হতে হবে:

- বয়সোপযোগী প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্যতা অর্জনের প্রথম দিন থেকে; কিংবা
- পিতামাতার "প্রারম্ভিক মূল্যায়নের সম্মতি" ফরম-এ সই করার দিন থেকে অনধিক 60 স্কুল দিবস কিংবা প্রারম্ভিক CPSE মিটিংয়ের 30 স্কুল দিবস, এগুলোর মধ্যে যেটি আগে হবে, সে দিনটির মধ্যে।

প্রত্যাশিত সার্ভিস শুরুর দিনটি IEP-তে তালিকাভুক্ত থাকবে।

প্রোগ্রাম এবং সার্ভিস সম্পর্কে আপনার কোন উদ্বেগ বা প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার CPSE প্রশাসকের সাথে যোগাযোগ করুন।



# প্রোগ্রাম ও পরিসেবার স্থান

প্রোগ্রাম ও সার্ভিস প্রদানের স্থান ছেলেমেয়ের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন্যাল প্রোগ্রামের (IEP) সুপারিশ ও বয়স অনুযায়ী হবে। আপনার সন্তানের IEP সুপারিশ জানার জন্য তার IEP-এর "সুপারিশকৃত বিশেষ শিক্ষা কর্মসূচি ও পরিষেবা" অংশ দেখুন।

## স্পেশাল এডুকেশন ইটিনেরান্ট টিচার (SEIT) এবং/অথবা রিলেটেড সার্ভিসের জন্য সুপারিশ করে, এমন IEP আছে যেসব ছেলেমেয়েদের

- আপনার সন্তানের বয়স যদি ৪ বছর হয়, তাহলে সে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের (DOE) ফ্রি প্রি-কে ফর অল প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে এবং আপনাকে এতে আবেদন করতে হবে DOE-এর ভর্তি প্রক্রিয়া অনুযায়ী যা পাওয়া যাবে http://schools.nyc.gov/ChoicesEnrollment/PreK/default.htm ওয়েবসাইটে।
- আপনার সন্তান যদি 3 বা 4 বছর বয়সী হয়, তাহলে আপনার সন্তানের চাহিদার উপর ভিত্তি করে সে নিয়মিত আর্লি চাইল্ডহুড প্রি-কে কিংবা চাইল্ডকেয়ার প্রোগ্রামে, পারিবারিক বসতবাড়িতে, কিংবা পিতামাতা হিসেবে আপনার নির্ধারণ করে দেওয়া অন্য কোন শিশুসেবা কেন্দ্রে সার্ভিস পেতে পারে।

## স্পেশাল ক্লাস বা একটি সমন্বিত ব্যবস্থায় স্পেশাল ক্লাস (SCIS) সুপারিশ করে, এমন IEP-যুক্ত ছেলেমেয়েদের

- কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) একটি যথোপযুক্ত প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রামে ভর্তির জন্য আসনের ব্যবস্থা করবে। CSE/CPSE-এর যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা নং 36 দেখুন।

## সীমিত চলাচলক্ষম ও অভিগম্যতার চাহিদা

স্কুলে প্রবেশযোগ্যতার প্রশ্নে, সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী হলো সে, যে চলাচলে সহায়ক যন্ত্র বা সরঞ্জাম- যেমন হুইলচেয়ার, ওয়াকার, ক্রাচ, বা ছড়ি ব্যবহার করে- পরিবেশের সাথে সমন্বয়বিধানের জন্য, কিংবা কোন শিক্ষার্থী যে স্কুলের পরিবেশের সাথে কষ্টের সাথে মানিয়ে চলে এবং/অথবা তার সতীর্থদের চাইতে ধীরগতিতে চলে, হতে পারে সেটা তার পেশীগত দুর্বলতা, বা সহ্যক্ষমতার অভাবে, কিংবা অন্য কোন কারণে।

যদি আপনার সন্তানের জন্য SEIT এবং/অথবা রিলেটিড সার্ভিস সুপারিশ করা হয়, তাহলে পিতামাতা হিসেবে সাইটের প্রবেশযোগ্যতা সম্পর্কে জানতে হলে আপনাকে প্রোগ্রামের সাথে সরাসরি যোগাযোগ করতে হবে।

যদি আপনার সন্তানকে স্পেশাল ক্লাস বা সমন্বিত ব্যবস্থায় স্পেশাল ক্লাসের সুপারিশ করা হয়, তাহলে CPSE ভর্তিকালেই যথোপযুক্ত প্রবেশযোগ্যতার বিষয়টি নিশ্চিত করবে।



# পিতামাতার অধিকার

**ফস্টার কেয়ার**

যদি না তাদের অধিকারসমূহ বাতিল, প্রত্যপর্ণকৃত, বা সীমিত হয়, তাহলে কোন ছেলেমেয়ের জনমদাতা বা পালক পিতামাতার একক কর্তৃত্ব আছে তাদের সন্তানের স্পেশাল এডুকেশনর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের। যখন কোন ছেলেমেয়ে ফস্টার কেয়ারে থাকে এবং তার জনমদাতা পিতামাতাকে যুক্তিসঙ্গত খুঁজাখুঁজির পরও পাওয়া না যায়, তখন কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE) প্রশাসক নির্ধারণ করবে কাকে তার "পিতামাতা" বলে গণ্য করা হবে। যখন জনমদাতা পিতামাতার অধিকারসমূহ বাতিল, প্রত্যপর্ণকৃত, একজন বিচারক কর্তৃক কোন ছেলেমেয়ের শিক্ষাগত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সীমিত করে দেওয়া হয়, কিংবা পিতামাতাগণ যদি মৃত হন, তখন ফস্টার কেয়ারে থাকা ছেলেমেয়ের ফস্টার প্যারেন্ট পিতামাতার ভূমিকায় অবতীর্ণ হতে পারবেন। এসব পরিস্থিতিতে কোন ছেলেমেয়ের যখন কোন ফস্টার প্যারেন্ট থাকে, তখন ফস্টার প্যারেন্টকে শিক্ষার্থীর সারোগেট প্যারেন্ট হিসেবে দায়িত্ব অর্পণ করতে হবে না কারণ তিনি ইতোমধ্যেই স্পেশাল এডুকেশন সংক্রান্ত বিষয়ে ব্যবহার্য সংজ্ঞায় "পিতামাতা" হিসেবে শর্ত পূরণ করেছেন। আপনি যদি ফস্টার প্যারেন্ট হন এবং আপনার শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার আছে কি না জানতে চান, তাহলে ছেলেমেয়েটির আইনগত অবস্থান ও পিতামাতার অধিকারের বিষয়ে আরও তথ্যের জন্য সন্তানের ফস্টার কেয়ার এজেন্সির কেস ওয়ার্কারের সাথে যোগাযোগ করুন। এছাড়াও আপনি এডমিনিস্ট্রেশন ফর চিল্ড্রেন্স সার্ভিসেস (ACS) অফিস অভ এডুকেশন সাপোর্ট অ্যান্ড পলিসি প্ল্যানিং–এ ফোনে 212-453-9918 নম্বরে বা education.unit@acs.nyc.gov ঠিকানায় ইমেইলে যোগাযোগ করতে পারেন।





### অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থী

যেসব শিক্ষার্থী হোমলেস শেল্টারে বা অন্য কোন অস্থায়ী আবাসনে বাস করে, স্থায়ী বাসস্থানে বসবাসরত শিক্ষার্থীদের মতো তাদের একই পাবলিক স্কুলে ভর্তি হওয়ার ও সার্ভিস লাভের অধিকারসহ নির্দিষ্ট কিছু অধিকার রয়েছে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর স্টুডেন্ট ইন টেম্পোরারি হাউজিং (অস্থায়ী আবাসনের শিক্ষার্থী) ইউনিটটিকে প্রশ্নোত্তর এবং অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের অধিকারের ব্যাপারে সহায়তাদানের জন্য পাওয়া যাবে। ফোনে 718-391-6845 নম্বরে ইমেইলে MPonzio@schools.nyc.gov ঠিকানায় মেরিগ্রেস পনজোর সাথে যোগাযোগ করুন।

বছরের যে কোন সময় আপনার যোগাযোগের তথ্য পরিবর্তিত হলে অনুগ্রহ করে কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-কে জানাবেন। CSE/CPSE-এর সাথে যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা নং 36 দেখুন।

### প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস সমাপ্তি

<u>সম্মতি প্রত্যাহার</u>

আপনার সন্তানের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য দেওয়া সম্মতি আপনি যে কোন সময় প্রত্যাহার করতে পারবেন। এটা "রিভোকেশন অভ কনসেন্ট" (সম্মতি প্রত্যাহার) বলেও পরিচিত। অনুরোধ অবশ্যই লিখিতভাবে এবং কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE) বরাবর জানাতে হবে। আপনি যখন সম্মতি প্রত্যাহার করবেন, তখন:

- CPSE-কে অবশ্যই এই মর্মে একটি বিজ্ঞপ্তি দিতে হবে যে, আপনার প্রাধান্য দেওয়া ভাষায় প্রদত্ত সকল স্পেশাল এডুকেশন সার্ভিস আপনার কাছে বিজ্ঞপ্তিটি পাঠানের 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে বন্ধ হয়ে যাবে।
- আপনার সন্তান আর বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করবে না। এর অন্তর্ভুক্ত আছে স্পেশালাইজড যাতায়াত সুবিধা, সহায়ক প্রযুক্তি, এবং প্রোগ্রাম অভিযোজন।

সম্মতি প্রত্যাহারের পর আপনার অধিকার আছে সিদ্ধান্ত পরিবর্তনের। আপনি যদি চান যে আপনার সন্তানকে প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য পুনর্মূল্যায়ন করা হোক, তাহলে আপনাকে অবশ্যই CPSE বরাবর একটি নতুন রেফারাল লেটার দিতে হবে।

<u>ডিক্লাসিফিকেশন</u>

এছাড়াও CPSE নির্ধারণ করতে পারে যে, আপনার সন্তানের আদৌ স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন নেই। যদি তা-ই হয়, তাহলে CPSE সন্তানকে "ডিক্লাসিফাই" (বিবর্গীকরণ) করে দেবে। এটা করার পূর্বে CPSE একটি পুনর্মূল্যায়ন করবে ও সন্তানের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস অব্যাহত রাখার যোগ্যতা নির্ণয়ের জন্য CPSE মিটিং আহ্বান করবে। একটি ছেলেমেয়েকে ডিক্লাসিফাই করার সিদ্ধান্ত গৃহীত হবে তার প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্যতা প্রতিপাদনকারী বিষয়ে বিলম্ব বা বৈকল্য প্রদর্শন না করার ভিত্তিতে। আপনি যদি আপনার সন্তানের সার্ভিস প্রত্যাহারের সিদ্ধান্তে একমত হতে না পারেন, তাহলে আপনি আপনার ন্যায়বিচার লাভের অধিকার প্রয়োগ করতে পারবেন। আপনার ন্যায়বিচার লাভের অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা 28 দেখুন।

## রেকর্ড

**শিক্ষার্থীর রেকর্ড যাচাই:** কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)–এর সভায় যেসব মূল্যায়ন বা রিপোর্ট বিবেচনা করা হবে, মূল্যায়নকারী সাইটকে সভার পূর্বে সেগুলো অবশ্যই আপনাকে সরবরাহ করতে হবে। উপরন্তু, আপনার অধিকার আছে আপনার সন্তানের ফাইলে লিখিত ও সংরক্ষিত সকল মূল্যায়ন ও রিপোর্টের কপি পাওয়ার অনুরোধ জানাবার। এটা করা যেতে পারে CPSE-এর কাছে অনুরোধ জানিয়ে।

CPSE–এর সভার পর আপনার CPSE প্রশাসক আপনার সন্তানের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-এর কপি প্রদান করবেন। আপনি কপির জন্য যে কোন সময় অনুরোধ করতে পারেন।

## বিচার প্রক্রিয়ার অধিকার

আপনার সন্তানের ইন্ডিভিজুয়েলাইজড় এডুকেশন প্রোগ্রাম (IEP) তৈরি, পর্যালোচনা, ও সংশোধনীতে আপনার অংশগ্রহণ আবশ্যিক। আপনার সন্তানের IEP–তে কী আছে, সেটা আপনি ভালোভাবে বোঝেন, পিতামাতা হিসেবে আপনার সেটা নিশ্চিত করার অধিকার ও দায়িত্ব রয়েছে। আপনি যদি কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE) সভার সুপারিশের সাথে একমত না হন, তাহলে আপনার অধিকার আছে আপনার সন্তানের যোগ্যতা, মূল্যায়ন, সার্ভিস এবং ভর্তির সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার।

আপনার নিম্নোল্লিখিত অধিকার রয়েছে:

- **সম্পূর্ণরূপে সজ্ঞাত হওয়ার অধিকার:** শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া সম্পর্কে আপনাকে আপনার অধিকারের ব্যাপারে আপনার পছন্দের ভাষায় অথবা যোগাযোগের মাধ্যমে পর্যাপ্তভাবে অবহিত করতে হবে। এই ফ্যামেলি গাইডে কিছু দৃষ্টান্ত রয়েছে, যেসব ক্ষেত্রে আপনাকে সম্মতি দিতে বলা হয়। সম্মতি প্রদান করার অর্থ, আপনি যেসব পদক্ষেপের জন্য সম্মতি দিচ্ছেন, সেগুলো আপনাকে আপনার প্রাধান্য দেওয়া ভাষায় সম্পূর্ণরূপে অবহিত করা হয়েছে এই মর্মে যে, আপনি তা বুঝেছেন এবং পদক্ষেপগুলো আপনি বুঝেছেন ও সেগুলোর ব্যাপারে সম্মত আছেন, এবং কোন রেকর্ড প্রকাশ করা হবে কি না বা কার কাছে করা হবে, সেটাও অবহিতকরণের অন্তর্ভুক্ত থাকবে। এ অধিকারের অর্থ আপনি জানেন যে সম্মতিটি আপনার জন্য স্বেচ্ছামূলক এবং আপনি যে কোন সময় সম্মতি প্রত্যাহার করতে পারেন। অনুগ্রহ করে জেনে রাখবেন যে, আপনি সম্মতি প্রত্যাহার করলেও তাতে আপনি সম্মতি প্রদানের পর ও সম্মতি প্রত্যাহারের অন্তর্বর্তীকালে গৃহীত কোন পদক্ষেপ বাতিল হয়ে যাবে না।
- **অংশগ্রহণের অধিকার:** আপনার অধিকার আছে CPSE মিটিংয়ে অংশগ্রহণ করার। এর অন্তর্ভুক্ত আছে অন্য কোন ব্যক্তিকে, যে ব্যক্তি আপনার সন্তান সম্পর্কে জানেন কিংবা যার এ ধরনের সভা সম্পর্কে পেশাদারসুলভ জ্ঞান রয়েছে, তাকে সভায় হাজির করার অধিকার। আপনার সন্তানের জন্য সুপারিশকৃত সার্ভিস নিয়ে আলোচনা সভার সময়সূচি অবশ্যই আপনার সাথে আলোচনাক্রমে নির্ধারণ করতে হবে। আপনার একজন দোভাষীর প্রয়োজন হলে 72 ঘন্টা আগে CPSE-কে জানালে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) একজনের ব্যবস্থা করবে।
- **চ্যালেঞ্জ করার অধিকার:** আপনার সন্তানের ব্যাপারে CPSE-এর সিদ্ধান্তকে আপনার চ্যালেঞ্জ করার অধিকার আছে। আপনার সন্তানের শিক্ষাকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা অথবা মতপার্থক্য নিষ্পত্তি করার জন্য আপনি মধ্যস্থতা অথবা নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ করতে পারেন। মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানিতে আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে (DOE) একজনের ব্যবস্থা করবে। চ্যালেঞ্জ করার অধিকার সম্পর্কে আর তথ্যের জন্য বিচার প্রক্রিয়ার অধিকার সম্পর্কিত পৃষ্ঠাগুলো দেখুন যা শুরু হয়েছে 28 পৃষ্ঠা থেকে।
- **CPSE মিটিংয়ে একজন অতিরিক্ত পিতামাতা সদস্য থাকার অধিকার (কোন কোন পরিস্থিতিতে):** আপনার অধিকার আছে CPSE বৈঠক অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত সময়ের 72 ঘন্টা আগে অনুরোধ করে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদের একজনকে CPSE বৈঠকে অংশগ্রহণ করতে দেয়ার অনুরোধ জানানর। অতিরিক্ত পিতামাতা সদস্যের সংজ্ঞা জানতে পৃষ্ঠা নং 14 দেখুন।

IEP সম্পর্কে, পিতামাতা অসম্মত হতে পারেন। যদি তা হয়, তাহলে আপনি যে বিষয়ে অসম্মত, তা নিয়ে কথা বলার জন্য CPSE-এর সাথে সাক্ষাৎ করতে পারেন। রেকর্ডের অংশবিশেষ অযথার্থ, ভ্রমাত্মক বা শিক্ষার্থীর গোপনীয়তার অধিকার লঙ্ঘন হলে CPSE তা সংশোধন করার সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। আপনার সন্তানের রেকর্ডে কোন পরিবর্তন করা হলে তা আপনাকে জানান হবে। আপনি যেসব বিষয়ে প্রশ্ন ও উদ্বেগ প্রদর্শন করেন, আপনার সন্তুষ্টির জন্য সেগুলো অপসারণে যদি CPSE একমত না হয়, তাহলে আপনি CSE চেয়ারপারসনের কাছে নিম্নলিখিত বিষয়ের বর্ণনা দিয়ে চিঠি লিখতে পারেন:

- যেসব বিষয় আপনি অযথার্থ, ভ্রমাত্মক বা আপনার সন্তানের গোপনীয়তার অধিকার লঙ্ঘন বলে বিশ্বাস করেন, সেগুলো সম্পর্কে তথ্য;
- যেসব রেকর্ডে এসব তথ্য অন্তর্ভুক্ত আছে বলে আপনি বিশ্বাস করেন, সে সব রেকর্ড;
- আপনি কেন তথ্য অযথার্থ, ভ্রমাত্মক বা আপনার সন্তানের গোপনীয়তার অধিকার লঙ্ঘন বলে বিশ্বাস করেন, তার কারণ; এবং
- আপনার প্রস্তাবিত সংশোধনীসমূহ।

CPSE এ চিঠিকে আপনার সন্তানের ফাইলে সংরক্ষণ করবে এবং রেকর্ড থেকে সংশ্লিষ্ট অন্তর্ভুক্তি সংশোধনের বা মুছে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। এছাড়াও আপনি সুপারিনটেনডেন্টের কাছে চ্যান্সেলরের প্রবিধান A-820, "Confidentiality and Release of Student Records; Records Retention." দেখতে চাইতে পারেন।

## ন্যায়বিচার পাওয়ার অধিকার

আপনি যদি CPSE-এর পদক্ষেপের বা এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণে অস্বীকৃতির সাথে অসম্মত হন, তাহলে আপনি DOE-এর পদক্ষেপ বা অস্বীকৃতিকে চ্যালেঞ্জ করতে পারবেন:

**মধ্যস্থতা:** মধ্যস্থতাকালে আপনি এবং CPSE-এর একজন সদস্য নিরপেক্ষ তৃতীয় কোন পক্ষের সাথে বসবেন যিনি একমত হওয়ার জন্য আপনাকে সহায়তা ও উৎসাহ দেবেন। মধ্যস্থতাকারী কোন সিদ্ধান্ত দেবেন না বা নির্দেশ জারি করবেন না। এর স্থলে মধ্যস্থতাকারীর কাজ হলো আপনাকে ও DOE-কে একটি গ্রহণযোগ্য সমাধানে নিয়ে আসা। আপনার স্থানীয় মিডিয়েশন সেন্টারে লিখিত দিয়ে আপনি মধ্যস্থতার অনুরোধ জানাতে পারেন।

মধ্যস্থতা সম্পর্কে আর ও তথ্যের জন্য অনুগ্রহ করে নিচের ওয়েবসাইট দেখুন: https://www.schools.nyc.gov/special-education/help/resolving-issues.

**নিরপেক্ষ শুনানি:** পিতামাতা হিসেবে একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ জানাবার অধিকার আপনার আছে। এটি একটি আইনগত প্রক্রিয়া। নিরপেক্ষ শুনানির সময়, আপনি একজন 'ইমপারশিয়াল হিয়ারিং অফিসার' (নিরপেক্ষ শুনানি কর্মকর্তা)-এর (DOE কর্মচারী নন) মুখোমুখী হবেন এবং আপনার পক্ষের বিবৃতি তুলে ধরবেন। হিয়ারিং অফিসার ও DOE প্রতিনিধি আপনার কথা শুনবেন, সাক্ষীদের জবানবন্দী ও প্রামাণ্য দলিল গ্রহণ করবেন এবং আপনার উত্থাপিত অভিযোগ কীভাবে সমাধান করা হবে, সে ব্যাপারে লিখিত সিদ্ধান্ত প্রদান করবেন। নিরপেক্ষ শুনানির অনুরোধ করার পর "পেনডেন্সি" (অনিশ্চিত অবস্থা বা কোন কোন সময় বলা হয় "স্টে-পুট" স্থিতাবস্থা) প্রযুক্ত হবে। এর অর্থ, ন্যায় বিচার লাভের প্রক্রিয়া চলাকালে বিষয়টির নিষ্পত্তি না হওয়া কিংবা আপনার ও DOE-এর মধ্যে ঐকমত্য






না হওয়া পর্যন্ত আপনার সন্তান যেখানে অবস্থান করছে, সেখানেই সে অবস্থান করবে। নিরপেক্ষ শুনানির লিখিত অনুরোধ ইমপারশিয়াল হিয়ারিং অফিসে নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Impartial Hearing Office
131 Livingston Street
Room 201
Brooklyn, New York 11201
Phone: (718) 935-3280
Email: ihoquest@schools.nyc.gov

আপনার নিরপেক্ষ শুনানির অনুরোধ অবশ্যই:

- ইমপারশিয়াল হিয়ারিং অফিসে লিখিত হতে হবে;
- আপনার সন্তানের নাম, ঠিকানা, এবং স্টুডেন্ট আইডি নম্বর (এ সময় আপনার সন্তানের যদি থাকে) উল্লেখ থাকতে হবে;
- আপনার সন্তান যে স্কুলে পড়ে, তার নাম উল্লেখ থাকতে হবে (কিংবা উল্লেখ করতে হবে যে, আপনার সন্তান এখন কোন স্কুলে যাচ্ছে না);
- আপনার উদ্বেগের সাথে সংশ্লিষ্ট বিষয় এবং আপনার প্রস্তাবিত সমাধানের বর্ণনা দিতে হবে; এবং
- আপনার নাম (পিতামাতার) ও যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করতে হবে।

আপনি CPSE, ইমপার্শিংআল হিয়ারিং অফিস, কিংবা অনলাইনে https://www.schools.nyc.gov/special-education/help/impartial-hearings. সাইটে লভ্য একটি নিরপেক্ষ শুনানির সুপারিশকৃত অনুরোধ ফরম নিরপেক্ষ শুনানির অনুরোধ জানাতে ব্যবহার করতে পারেন।

**নিরপেক্ষ শুনানির জন্য আবেদন পেশ করার পর সমাধান প্রক্রিয়া:** আপনি একটি নিরপেক্ষ শুনানির আবেদনের 15 দিনের মধ্যে DOE একটি রিজোল্যুশন (সমাধান) মিটিংয়ে আপনার নিরপেক্ষ শুনানির অনুরোধে বর্ণিত সমস্যাটি সমাধানের জন্য আপনার সাথে কাজ করবে। রিজোল্যুশন মিটিং হবে না, এমন তিনটি পরিস্থিতি আছে:


1. যদি আপনি এবং DOE লিখিতভাবে রিজোল্যুশন মিটিং ছাড় দিতে একমত হন, তাহলে ইমপার্শিয়াল হিয়ারিং অফিসকে অবশ্যই জানতে হবে এবং 14 ক্যালেন্ডার দিবসের মধ্যে একটি নিরপেক্ষ শুনানির আয়োজন করা হবে।
2. আপনি যদি একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ প্রত্যাহার করেন, তাহলে রিজোল্যুশন মিটিং আয়োজনের প্রয়োজন হবে না।
3. যদি একটি রিজোল্যুশন মিটিং আয়োজনের জন্য DOE-এর সপ্রমাণ উদ্যোগ থাকে এবং আপনি অংশগ্রহণ না করে থাকেন বা আপনি লিখিত দিয়ে রিজোল্যুশন মিটিং ছাড় না দিয়ে থাকেন, তাহলে ইমপার্শিয়াল হিয়ারিং অফিসারকে অবশ্যই জানাতে হবে এবং DOE-এর অধিকার থাকবে আপনার অনুরোধ বাতিল করতে বলার।

একটি নিরপেক্ষ শুনানির আবেদন পাওয়ার পর শুনানি অফিস আপনাকে নিরপেক্ষ শুনানি প্রক্রিয়ার বিবরণ প্রদান করবে। শুনানি আয়োজনের জন্য আপনার ও DOE-এর সাথে যোগাযোগ করা হবে এবং আপনাকে লিখিতভাবে সূচিভুক্ত তারিখ, সময়, এবং শুনানির স্থান জানান হবে।

শুনানি চলাকালে আপনি ও DOE স্টাফ আপনাদের অবস্থান ব্যাখ্যা করবেন এবং আপনাদের মতামতের পক্ষে প্রমাণ উপস্থাপন করবেন। শুনানি সমাপ্তির পর হিয়ারিং অফিসার একটি সিদ্ধান্ত লিখবেন, যার একটি কপি ডাকযোগে আপনার কাছে পাঠন হবে। হিয়ারিং অফিসারের সিদ্ধান্তের পুরোটাই হবে শুনানিতে উপস্থাপিত প্রমাণের উপর নির্ভর করে। এতে সিদ্ধান্তের কারণ ও ভিত্তি অন্তর্ভুক্ত থাকতে হবে। নিউ ইয়র্ক স্টেটের রিভিউ অফিসারের কাছে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলের অধিকার সম্পর্কে সিদ্ধান্তটি আপনাকে ও DOE-কে অবহিত করবে। আপনি যদি সিদ্ধান্তের কপি হাতের পাওয়ার 40 দিনের মধ্যে একটি আপিল জমা না দেন, তাহলে সকল পক্ষকে হিয়ারিং অফিসারের সিদ্ধান্ত মেনে নিতে হবে।

**স্টেট রিভিউ অফিসারের কাছে আপিল:**
মতপার্থক্য নিরসনের পথে আরেকটি ধাপ হিসেবে আপনি ইমপার্শিয়াল হিয়ারিং অফিসের সিদ্ধান্তের বিরুদ্ধে নিউ ইয়র্ক স্টেট রিভিউ অফিসারের কাছে আপিল করতে পারেন। একটি আপিলের জন্য অনুরোধ হলো একটি আইনগত পদক্ষেপ। একজন আইনজীবী আবশ্যিক না থাকলেও আপিল জমা দেওয়ার সুনির্দিষ্ট প্রক্রিয়া রয়েছে এবং বিলম্ব বা বাতিল হওয়া রোধ করতে হলে সে প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করতে হবে। এ প্রক্রিয়ার রূপরেখা দেওয়া আছে https://www.sro.nysed.gov/book/overview-part-279-revised-effective-january-1-2017 ওয়েবসাইটে।





# কিন্ডারগার্টেনে উত্তরণ

প্রিস্কুল স্পেশাল এডুকেশনের একটি গরুত্বপূর্ণ উদ্দেশ্য একটি ছেলেমেয়েকে কিন্ডারগার্টেনে ভর্তি ও সফল হওয়ার জন্য প্রস্তুত করা। ছেলেমেয়েরা কিন্ডারগার্টেনে প্রবেশ করে ক্যালেন্ডার অনুযায়ী সেপ্টেম্বরে যখন তাদের বয়স হয় 5 বছর। কিন্ডারগার্টেনে উত্তরণ প্রক্রিয়া শুরু হয় পূর্ববর্তী স্কুল বছরে, ছেলেমেয়ে যখন প্রিস্কুলে থাকে।

যদি আপনার সন্তান প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস লাভ করে, তাহলে সন্তানের কিন্ডারগার্টেনে ভর্তির প্রস্তুতি গ্রহণকালে আপনি একই সময়ে দুইটি আলাদা প্রক্রিয়ায় অংশগ্রহণ করবেন: **স্কুলে আবেদন করা এবং একটি কিন্ডারগার্টেন ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) তৈরি করা।**

এই দুইটি প্রক্রিয়া এবং কখন নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) তথ্য সভা আয়োজন করবে, সে সম্পর্কে জানতে চাইলে https://www.schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-kindergarten ওয়েবসাইট দেখুন।

# পরিভাষা তালিকা

**বাড়তি পিতামাতা সদস্য** স্কুল ডিস্ট্রিক্টের একজন প্রতিবন্ধী শিক্ষার্থীর পিতামাতা যিনি মিটিংয়ে অংশগ্রহণ করেন এবং অবগত অথবা অনুমিত প্রতিবন্ধিতা আছে এমন শিক্ষার্থীর পিতামাতাকে তার সন্তানের শিক্ষা সম্পর্কিত সিদ্ধান্তগ্রহণে সহায়তা করেন। পিতামাতাদের অধিকার আছে CPSE মিটিংয়ে পিতামাতা সদস্যের অংশগ্রহণের অনুরোধ জানানোর।

**বার্ষিক লক্ষ্য:** আপনার সন্তান একবছর সময়সীমায় প্রতিবন্ধিতার ক্ষেত্রগুলোয় কী কী অগ্রগতি অর্জন লাভ করবে বলে প্রত্যাশা করা হয় ব্যক্তিক শিক্ষা পরিকল্পনায় (IEP) লিখিত সেসব লক্ষ্য।

**বার্ষিক পর্যালোচনা:** বছরে কমপক্ষে একবার শিক্ষার্থীর বিশেষ শিক্ষা পরিষেবা ও অগ্রগতি বিষয়ে IEP টিম মিটিংয়ে সম্পন্নকৃত পর্যালোচনা। প্রিস্কুলের শিক্ষার্থীদের জন্য, এই প্রক্রিয়াটি নিয়ন্ত্রণ করে কমিটি অন প্রি-স্কুল স্পেশাল এডুকেশন (সিপিএসই)।

**অ্যাসিস্টিভ টেকনলজি (AT):** এ্যাসিস্টিভ টেকনোলোজি সেসব টুলস বা সরঞ্জামের নির্দেশ করে যা শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনা উপকরণ থেকে সহায়তা লাভ করতে ও কার্যকর ভাববিনিময় করতে সহায়তা করে। AT ডিভাইসের অন্তর্ভুক্ত আছে সেসব জিনিস, যন্ত্রাংশ, পণ্য, বা সিস্টেম, যা প্রতিবন্ধিতাযুক্ত একজন শিশুর ক্রিয়া সামর্থ্য বাড়ানো, বজায় রাখা বা উন্নত করার জন্য ব্যবহার করা হয় (যেমন স্ল্যান্ট বোর্ড, কম্যুনিকেশন বোর্ড বা যন্ত্র, এফএম ইউনিট)।

**বিহেভিয়ার ইনটারভেনশন প্ল্যান (BIP):** বিহেভিয়রাল ইন্টারভেনশন প্ল্যান (আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা, BIP) হলো সমস্যার কারণ যে আচরণ, সেটার ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্না, যার ভিত্তি হলো একটি কার্যকর আচরণগত মূল্যায়নের (FBA) ফল। ন্যূনতমপক্ষে BIP সমস্যার কারণ যে আচরণ, সেটার একটি বিবরণ, সমস্যার কারণস্বরূপ আচরণটি কেনো ঘটে, সে ব্যাপারে সার্বিক ও সুনির্দিষ্ট প্রকল্প, এবং সমস্যার কারণ যে আচরণ, সেটার সমাধানের জন্য হস্তক্ষেপ কৌশল অন্তর্ভুক্ত থাকবে।

**দ্বিভাষা মূল্যায়ন:** দ্বিভাষি মূল্যায়ন এমন একটি মূল্যায়ন যা পরিচালনা করা হয় ইংরেজি ও শিক্ষার্থীর বাড়ির ভাষায় বা মাতৃভাষায়।

**কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE):** কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) 3 থেকে 5 বছর বয়সের প্রি-স্কুলের ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের জন্য দায়িত্বশীল। ছেলেমেয়েরা প্রি-স্কুল পরিষেবা কোথায় পাচ্ছে, সেটা বিবেচনা ছাড়াই CPSE-গুলো পরিবারসমূহের জন্য তাদের আবাসিক ডিস্ট্রিক্ট-এ পরিষেবা প্রদান করে। সিটির বিভিন্ন স্থানে 10 টি সিপিএসই রয়েছে। প্রতিটি CPSE কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) নামের একটি বৃহত্তর কমিটির অংশ। একজন চেয়ারপারসন CPSE-সহ CSE অফিস তত্ত্বাবধান করেন। CSE/CPSE-এর সাথে যোগাযোগের তথ্য পাওয়া যেতে পারে https://www.schools.nyc.gov/special-education/help/committees-on-special-education ওয়েবসাইটে।

**সম্মতি:** সম্মতি অবশ্যই হতে হবে "সজ্ঞাত" যা পিতামাতার সইয়ের চেয়ে বেশিকিছু আবশ্যক করে। সজ্ঞাত সম্মতি গ্রহণের জন্য নিচে বর্ণিত পদক্ষেপগুলো নেয়া হয়েছে:

- যে-কাজের জন্য সম্মতি চাওয়া হয়েছে সেই ব্যাপারে সব তথ্য পিতামাতাকে তাদের পছন্দের ভাষায় বা অন্য কোন যোগাযোগের উপায়ে অবহিত করতে হবে। উপরন্তু, সন্তানের যে রেকর্ড প্রকাশ করা হবে এবং তা কার কাছে প্রকাশ করা হবে, সেই বিষয়ে একজন পিতামাতাকে অবহিত করতে হবে। এর মধ্যে রয়েছে পরীক্ষার ধরন, যদি আদৌ পরীক্ষা হয়, এবং হলে পরীক্ষার স্থান সম্পর্কিত তথ্য প্রদান করা।
- যে কাজের জন্য সম্মতি চাওয়া হয়েছে, পিতামাতাকে অবশ্যই সেটি বুঝে স্বাক্ষর দিয়ে সম্মতি প্রকাশ করতে হবে।
- পিতামাতাকে অবশ্যই সচেতন করতে হবে যে সম্মতি প্রদান করা তাদের জন্যে ঐচ্ছিক এবং যেকোন সময়ে প্রত্যাহার করা যেতে পারে। তবে সম্মতি প্রত্যাহার করা হলে মনে রাখতে হবে

যে এই প্রত্যাহার পূর্ব থেকে কার্যকর নয়, অর্থাৎ সম্মতি দেয়ার পর এবং প্রত্যাহারের আগে গৃহীত কোন পদক্ষেপ অকার্যকর করে না।

**ডিক্লাসিফিকেশন:** IEP টিমের এই সিদ্ধান্ত গ্রহণ যে, শিক্ষার্থীর আর বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন নেই।

**ন্যায্য প্রক্রিয়া:** আইনের ধারা যা সুপারিশ, মূল্যায়ন এবং ভর্তি প্রক্রিয়াকালে পিতামাতা, শিক্ষার্থী এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর অধিকার নিশ্চিত ও রক্ষা করে।

**শুরুতেই হস্তক্ষেপ (আরলি ইন্টারভেনশন, (EI)):** যেসব পরিবারে জন্ম থেকে ৩ বছর বয়সী প্রতিবন্ধিতাযুক্ত বা বিলম্বিত-বৃদ্ধি ছেলেমেয়ে রয়েছে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)-এর 'শুরুতেই হস্তক্ষেপ' (আরলি ইন্টারভেনশন, IE) কর্মসূচি তাদেরকে সহায়তা দেয়।

**দীর্ঘায়িত স্কুলবছরের পরিষেবা (যা বারো মাসের স্কুলবছর পরিষেবা নামেও পরিচিত)** দীর্ঘায়িত স্কুল বছর সার্ভিস সুপারিশ করা হয় কিছু কিছু শিক্ষার্থীদের ক্ষেত্রে যাদের জুলাই এবং অগাস্টে সার্ভিসের প্রয়োজন হয় যাতে তাদের বিকাশের ক্ষেত্রে উল্লেখযোগ্য পশ্চাদপসরণ রোধ করা যায়। যদি স্কুল বছরের শুরুতে কোন ছেলেমেয়ের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-এর লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ পুনঃপ্রতিষ্ঠা করতে অযৌক্তিক পরিমাণ সময় প্রয়োজন হয় যা সে পরবর্তী স্কুল বছরের শেষে আয়ত্ত করেছিল, তাহলে সে ছেলেমেয়ে "উল্লেখযোগ্য পশ্চাদপসরণ" মোকাবেলা করবে। আপনার সন্তান দীর্ঘায়িত স্কুল বছরের সার্ভিস লাভ না করে, তাহলে তার উল্লেখযোগ্য পশ্চাদপসরণের আশঙ্কা আছে, এমন নিশ্চিত হলেই শুধু কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) আপনার সন্তানের IEP-তে এসব সার্ভিস প্রাপ্তি নিশ্চিত করে। এমন হলে CPSE একটি বিবৃতি অন্তর্ভুক্ত করবে যা এ সুপারিশের ব্যাখ্যা দিবে। ছেলেমেয়েদের সম্প্রসারিত বছর পরিষেবা লাভের জন্য অবশ্যই পিতামাতার সম্মতি লাগবে।

**ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (অবৈতনিক যথোপযুক্ত সরকারি শিক্ষা, এফএপিই):** বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবা কর্মসূচি যা সরকারি ব্যয়ে, সরকারি তত্ত্বাবধানে এবং নির্দেশে, এবং পিতামাতাদের বিনাব্যয়ে প্রদান করা হয়।

**ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট (ব্যবহারিক আচরণগত মূল্যায়ন, এফবিএ):** একটি ব্যবহারিক আচরণগত মূল্যায়ন (ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট, এফবিএ) এমন একটি মূল্যায়ন যা কোন শিক্ষার্থীর শিক্ষণপ্রক্রিয়া বাধাগ্রস্ত করে, এমন আচরণের কারণ ও শিক্ষার্থীর সে আচরণ কীভাবে তার পরিবেশের সাথে সম্পর্কযুক্ত, তা নিশ্চিত হতে চায়।

**ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি):** আইইপি কোন শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্যতার প্রমাণ দেয় এবং স্কুল ব্যবস্থায় শিক্ষার্থীর অনন্য চাহিদার উপযুক্ত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা পরিকল্পনাকে সংগঠিত করে। এতে ছেলেমেয়ের সুনির্দিষ্ট তথ্য এবং এসব চাহিদা পূরণের জন্য তৈরি শিক্ষাগত কর্মসূচি অন্তর্ভুক্ত থাকে, যার মধ্যে আছে:

- একজন শিক্ষার্থীর বর্তমান অগ্রগতি এবং/অথবা স্কুল কার্যসম্পাদনা ও লক্ষ্য যা একটি স্কুল বছরে যৌক্তিকভাবে অর্জন করা সম্ভব;
- স্পেশাল এডুকেশন ও সহায়তা পরিষেবা (যার অন্তর্ভুক্ত আছে: কাউন্সেলিং ও স্পিচ, অক্যুপেশন্যাল বা ফিজিকেল থেরাপি), প্যারাপ্রফেশন্যালের সহায়তা; সহায়ক প্রযুক্তি; আচরণগত হস্তক্ষেপ ও অভিযোজন;
- প্রতিবন্ধী নয়, এমন শিক্ষার্থীদের সাথে অংশগ্রহণ;
- কতো তারিখ থেকে, কখন, কতো ঘন ঘন, কোথায় এবং কতো কাল ধরে পরিষেবা প্রদান করা শুরু হবে, তার তারিখ জানার; এবং
- কোন শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপের উপায়।

**ইনডিভিজুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিস এডুকেশন ইম্প্রুভমেন্ট অ্যাক্ট (আইডিইআইএ):** একটি ফেডারেল আইন যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের ৩ বছর বয়স থেকে যে বছর শিক্ষার্থী ২১ বছর হবে অথবা হাই স্কুল ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট করছে সেই বছর অবধি ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে ফ্রি অ্যাপ্রপ্রিয়েট পাবলিক এডুকেশন (এফএপিই) লাভ করার অধিকার দেয়।

**দোভাষী/অনুবাদ:** এমন ব্যক্তি যিনি পিতামাতার পছন্দের ভাষায় বা যোগাযোগের মাধ্যমে অথবা সন্তানের ভাষায় কথা বলেন এবং/অথবা লিখেন ও সভায় পিতামাতাদের জন্য দোভাষীর সহায়তা এবং/অথবা পরিবারের জন্য লিখিত উপকরণ অনুবাদ প্রদান করেন।

**লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (LRE):** লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ, LRE) বলতে বুঝায় সে পরিবেশ, যেখানে কোন প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েকে তার অপ্রতিবন্ধী সহপাঠীদের সাথে যতোটুকু সম্ভব লেখাপড়ার করতে দেওয়া হয়। LRE বুঝায় যে, প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে বিশেষ ক্লাসে, আলাদা স্কুলে অথবা সাধারণ শিক্ষার পরিবেশ থেকে কেবল তখনই সরান হয় যখন প্রতিবন্ধিতার প্রকৃতি ও তীব্রতা এত যে এমনকি সম্পূরক সহায়তা ও পরিসেবা ব্যবহারেও সন্তোষজনক শিক্ষালাভ সম্ভব হবে না। স্বল্প নিষেধাত্মক পরিবেশ তাই শিক্ষার্থীবিশেষের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হয়।

**সীমিত সচলতা:** সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী হলো সে, যে চলাচলে সহায়ক যন্ত্র বা সরঞ্জাম- যেমন হুইলচেয়ার, ওয়াকার, ক্রাচ, বা ছড়ি ব্যবহার করে- পরিবেশের সাথে সমন্বয়বিধানের জন্য, কিংবা কোন শিক্ষার্থী যে স্কুলের পরিবেশের সাথে কষ্টের সাথে মানিয়ে চলে এবং/অথবা তার সতীর্থদের চাইতে ধীরগতিতে চলে, হতে পারে সেটা তার পেশীগত দুর্বলতা, বা সহ্যক্ষমতার অভাবে, কিংবা অন্য কোন কারণে। চলাচলে সুনির্দিষ্ট প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর, তা শারীরিক বা ইন্দ্রিয়গত যাই হোক না কেন, যার জন্য ভবনের নকশা বাধা সৃষ্টিকারী হতে পারে, কর্মসূচিতে অভিগম্যতার জন্য তাকে অবশ্যই আইন মোতাবেক প্রবেশের প্রয়োজনীয় সুবিধা দিতে হবে।

**ব্যবস্থাপনা চাহিদা:** এর অর্থ একজন শিক্ষার্থীর চাহিদাপূরণে কী পরিমাণ প্রাপ্তবয়স্ক তদারকি দরকার এবং পরিবেশগত রদবদল দরকার কিনা। এটা ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) উল্লিখিত হতে হবে।

**মধ্যস্থতা:** মধ্যস্থতা হচ্ছে একটি গোপন, ঐচ্ছিক প্রক্রিয়া যা পিতামাতা ও নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর মধ্যে বিরোধ কোন বিচারিক শুনানি ছাড়া নিরসনের সুযোগ দেয়। একজন মধ্যস্থতাকারী হল নিরপেক্ষ তৃতীয় পক্ষ, যিনি সমঝোতাকারী পক্ষগুলিকে তাদের দৃষ্টিভঙ্গি ও অবস্থান ব্যাখ্যা এবং অন্যের দৃষ্টিভঙ্গি ও অবস্থান বুঝতে সাহায্য করেন। সমঝোতাকারীর ভূমিকা হচ্ছে আলোচনা পরিচালনা এবং পক্ষগুলিকে ঐকমত্যে পৌঁছুতে সাহায্য করা, সমাধানের সুপারিশ করা বা কোন অবস্থান বা পক্ষ নেয়া নয়। যদি পক্ষগুলি ঐকমত্যে পৌঁছয়, তাহলে সেই চুক্তি হবে বাধ্যতামূলক এবং আপিল করা যাবে না।

**অকুপেশন্যাল থেরাপি:** অকুপেশন্যাল থেরাপি একটি রিলেটেড সার্ভিস যা শিক্ষার্থীকে লেখাপড়ার সাথে সংশ্লিষ্ট সূক্ষ্ম পেশী সঞ্চালন দক্ষতা ও মুখের পেশী সঞ্চালনসহ অভিযোজন ও ব্যবহারিক দক্ষতা বজায় রাখা, উন্নত করায় সহায়তা করবে।

**অরিয়েন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস:** এসব পরিষেবা তৈরি করা হয়েছে শিক্ষার্থীর স্থান ও পরিবেশগত ধারণা বোধগম্যতা বাড়ানর এবং দিকনির্ণয় ও যাত্রাপথ স্থির করতে, বজায় রাখতে ও খুঁজে পেতে বিভিন্ন ইন্দ্রিয়ের দ্বারা প্রাপ্ত জ্ঞান (যেমন শব্দ, তাপ, কম্পন) ব্যবহার বৃদ্ধি করার জন্য। অরিয়েন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস চোখের সমস্যায় আক্রান্ত শিক্ষার্থীদের প্রদান করা হয়।

**প্যারাপ্রফেশনাল:** প্যারাপ্রফেশনাল হলেন এমন ব্যক্তি যিনি পুরো ক্লাসে অথবা একজন কিংবা একদল শিক্ষার্থীকে সহায়তা পরিষেবা প্রদানকারী ব্যক্তি

(যেমন আচরণ ব্যবস্থাপনা, স্বাস্থ্য পরিষেবা, পরিবহণ, ইত্যাদিতে) যি নিপ্রদান করেন।

**ফিজিক্যাল থেরাপি:** ফিজিক্যাল থেরাপি একটি রিলেটেড সার্ভিস যা কোন শিক্ষার্থীর কর্মক্ষমতা বজায় রাখতে, উন্নত করতে বা পুনরুদ্ধার করতে ব্যবহার করা হয় (যার মধ্যে আছে বৃহৎ পেশী সঞ্চালনে উন্নতি, চলাফেরা, ভারসাম্য রক্ষা করা ও সমন্বয়সাধন করা) বিভিন্ন পরিস্থিতিতে (যার অন্তর্ভুক্ত আছে ক্লাসরুম, জিম, বাথরুম, খেলার মাঠ, ও সিঁড়ি)।

**পছন্দের ভাষা:** পিতামাতা যে ভাষায় কথা বলতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন। এটি বাড়িতে নিয়মিত ব্যবহৃত ভাষা হতে পারে আবার নাও হতে পারে।

**বেসরকারি মূল্যায়ন:** নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) কর্তৃক নিযুক্ত নয়, এমন কোন ব্যক্তি এবং পরিবার বা পরিবারের ইন্স্যুরেন্সের অর্থায়নে পরিচালিত মূল্যায়ন।

**সুপারিশ:** এটি হলো বিশেষ শিক্ষা কর্মসূচি ও পরিষেবার সুযোগসুবিধা প্রদানের জন্য কোন কমিটি অন প্রি স্কুল স্পেশাল এডুকেশন (CPSE)-এর বৈঠকের সিদ্ধান্ত।

**পুনর্মূল্যায়ন:** পুনর্মূল্যায়ন হলো কোন ইতোমধ্যে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণরত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর জন্য পরিচালিত একটি মূল্যায়ন। শিক্ষার্থীর শিক্ষক, পিতামাতা অথবা স্কুল ডিস্ট্রিক্ট এই পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন। বছরে একবারের বেশি পুনর্মূল্যায়ন করবে না যদি না স্কুল ও পিতামাতা অন্যভাবে সম্মত হন।

**রেফারাল:** রেফারাল (সুপারিশ) শিক্ষার্থীর প্রতিবন্ধিতা আছে কি না এবং তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে কি না, সেটা নির্ধারণের জন্য স্পেশাল এডুকেশন মূল্যায়ন প্রক্রিয়া শুরু করে।

**সংশ্লিষ্ট পরিসেবা:** প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে তাদের স্কুলের কর্মসূচিতে অংশগ্রহণে সাহায্য ও সহযোগিতা করার জন্য প্রদত্ত পরিষেবা। এসব পরিষেবা অবশ্যই ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)-এ সুপারিশকৃত হতে হয় এবং ব্যক্তিগতভাবে অথবা অনূর্ধ্ব পাঁচজনের গ্রুপে প্রদান করা হয়। সহায়তা পরিষেবার মধ্যে আছে: কাউন্সেলিং, স্কুল স্বাস্থ্য পরিষেবা, হেয়ারিং এডুকেশন পরিষেবা, অকুপেশনাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি, স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি, অরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি সার্ভিসেস এবং অন্যান্য সহায়তা পরিষেবা।

**অনুরোধকৃত পর্যালোচনা:** ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) অব্যাহতভাবে সন্তানের চাহিদাপূরণে সক্ষম কিনা, তা পর্যালোচনার জন্য এটি একটি টিম মিটিং। পিতামাতা, শিক্ষক বা স্কুলের অন্যান্য কর্মকর্তা যেকোন সময়ে এই মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন।

**স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি:** স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি হলো একটি রিলেটেড সার্ভিস যা ছেলেমেয়ের যোগাযোগ দক্ষতা বৃদ্ধির প্রতি অভিনিবেশ প্রদান করে স্কুলের পরিবেশে বিভিন্ন অ্যাকাডেমিক ও সামাজিক অবস্থায় ছেলেমেয়ের শ্রবণ, কথন, পঠন ও লিখন দক্ষতাকে উন্নত করে।

# যোগাযোগ

## কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)


কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) 3 থেকে 5 বছর বয়সের প্রি-স্কুলের ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের জন্য দায়িত্বশীল। ছেলেমেয়েরা কোথায় সার্ভিস বা প্রি-স্কুল পরিষেবা পাচ্ছে, সেটা বিবেচনা ছাড়াই CPSE-গুলো পরিবারসমূহের সাথে তাদের আবাসিক (যেখানে বসবাস করে) ডিস্ট্রিক্ট-এ কাজ করে। সিটির বিভিন্ন স্থানে 10 টি CPSE রয়েছে। প্রতিটি CPSE কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) নামের একটি বৃহত্তর কমিটির অংশ। একজন চেয়ারপারসন CPSE-সহ অন্তর্ভুক্ত অফিস তত্বাবধান করেন।

অনলাইনে CSE/CPSE-এর সাথে যোগাযোগের তথ্য পাওয়া যেতে পারে https://www.schools.nyc.gov/special-education/help/committees-on-special-education ওয়েবসাইটে।

আপনি কোন্ ডিস্ট্রিক্ট-এর অধীনের বসবাস করেন, সেটা জানা না থাকলে 311 নম্বরে ফোন করুন বা DOE-এর 'ফাইন্ড এ স্কুল' ওয়েবসাইট https://www.schools.nyc.gov/find-a-school 'ফাইন্ড এ স্কুল' ব্যবহার করতে হলে আপনার সন্তানের বাড়ির ঠিকানা ও বরো এন্টার এন্টার করুন। অ্যাপার্টমেন্ট নম্বরের মতো তথ্যগুলো দেবেন না। "Search"-এ ক্লিক করুন। ওয়েবসাইট ঠিকানার নিকটতম স্কুলগুলো দেখাবে। স্কুলের ডিস্ট্রিক্ট দেখা যাবে। এটিই হচ্ছে আপনার ডিস্ট্রিক্ট। প্রতিটি CPSE একাধিক স্কুল ডিস্ট্রিক্টের দায়িত্বে থাকে।

| CSE | ডিস্ট্রিক্ট | ঠিকানা | ফোন | ফ্যাক্স |
|---|---|---|---|---|
| 1 | 7, 9, 10 | One Fordham Plaza, 7th Floor<br>Bronx, NY 10458 | (718) 329-8001 | (718) 741-7928/7929 |
| 2 | 8, 11, 12 | 3450 East Tremont Avenue, 2nd Floor<br>Bronx, NY 10465 Espanol: | (718) 794-7420<br>(718) 794-7490 | (718) 794-7445 |
| 3 | 25, 26 | 30-48 Linden Place<br>Flushing, NY 11354 | (718) 281-3461 | (718) 281-3478 |
| 3 | 28, 29 | 90-27 Sutphin Boulevard<br>Jamaica, NY 11435 | (718) 557-2553 | (718) 557-2620/2510 |
| 4 | 24, 30 | 28-11 Queens Plaza North, 5th Floor<br>Long Island City, NY 11101 | (718) 391-8405 | (718) 391-8556 |
| 4 | 27 | 82-01 Rockaway Boulevard, 2nd Floor<br>Ozone Park, NY 11416 | (718) 642-5715 | (718) 642-5891 |
| 5 | 19, 23, 32 | 1665 St. Marks Avenue<br>Brooklyn, NY 11233 | (718) 240-3557/3558 | (718) 240-3555 |
| 6 | 17, 18, 22 | 5619 Flatlands Avenue<br>Brooklyn, NY 11234 | (718) 968-6200 | (718) 968-6253 |
| 7 | 20, 21 | 415 89th Street<br>Brooklyn, NY 11209 | (718) 759-4900 | (718) 759-4970 |
| 7 | 31 | 715 Ocean Terrace, Building A<br>Staten Island, NY 10301 | (718) 420-5790 | (718) 420-5787 |
| 8 | 13, 14, 15, 16 | 131 Livingston Street, 4th Floor<br>Brooklyn, NY 11201 | (718) 935-4900 | (718) 935-5167 |
| 9 | 1, 2, 4 | 333 7th Avenue, 4th Floor<br>New York, NY 10001 | (917) 339-1600 | (917) 339-1450 |
| 10 | 3, 5, 6 | 388 West 125th Street<br>New York, NY 10027 | (212) 342-8300 | (212) 342-8427 |

## CSE স্কুল ডিস্ট্রিক্ট



## নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এর সাথে যোগাযোগ

আপনার সন্তানের প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস সম্পর্কে সব সময় প্রথমেই আপনার CPSE প্রশাসকের সাথে যোগাযোগ করবেন। CSE/CPSE-এর যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা 36 দেখুন। এছাড়াও DOE-এর সংগে নিম্নোলিখিত নম্বরগুলোতেও যোগাযোগ করা যাবে:

| বিষয় | যোগাযোগ |
|---|---|
| **স্পেশাল এডুকেশন** | SpecialEducation@schools.nyc.gov |
| **রিলেটেড সার্ভিস** | RelatedServices@schools.nyc.gov |
| **কিন্ডারগার্টেনে উত্তরণ** | Turning5@schools.nyc.gov |
| **প্রি-কে ফর অল ভর্তি** | ESEnrollment@schools.nyc.gov |
| **প্রি-কে ফর অল প্রোগ্রাম** | EarlyChildhood@schools.nyc.gov |
| **DOE স্পেশাল এডুকেশন হটলাইন** | (718) 935-2007 |
| **অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থী** | (718) 391-6845 / MPonzio@schools.nyc.gov |

## রিসোর্সসমূহ

| ফোন | ইমেইল | ওয়েবসাইট |
|---|---|---|
| **Advocates for Children** | | |
| 1 (866) 427-6033 | info@advocatesforchildren.org | http://www.advocatesforchildren.org/who_we_serve/early_childhood |
| **INCLUDEnyc** | | |
| ইংরেজি: (212) 677-4650 | info@INCLUDEnyc.org | ইংরেজি: www.includenyc.org |
| স্প্যানিশ: (212) 677-4668 | | স্প্যানিশ: www.incluyenyc.org |
| **Parent to Parent NY, Inc.** | | |
| 1 (800) 866-1068<br>(718) 494-3469 | mfegeley@ptopnys.org | http://parenttoparentnys.org/offices/staten-island/ |
| **Sinergia/Metropolitan Parent Center** | | |
| (212) 643-2840<br>(866) 867-9665 | information@sinergiany.org | http://www.sinergiany.org/parents-center/parent-center |
| **United We Stand of New York (ব্রুকলিন ও কুইন্স)** | | |
| (718) 302-4313 | http://www.uwsofny.org/contact | http://www.uwsofny.org/ |

DOE–এর প্রিস্কুল স্পেশাল এডুকেশন–এর নিচের ওয়েবসাইটে আরও তথ্য–উপকরণ পাওয়া যাবে https://www.schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-preschool.

Department of Education

**Division of Specialized Instruction and Student Support**
52 Chambers Street
New York, New York 10007

বাড়তি তথ্যের জন্য **311 নম্বরে** ফোন করুন
অথবা **http://schools.nyc.gov/** সাইট দেখুন